# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Jaistha 20, 1433 Bangla, June 03, 2026, Wednesday, No. 148, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has said, no tax or VAT will be imposed on earnings of freelancers and content creators. (Jago FM: 16)

Government has formed a high-level cabinet sub-committee to quickly review and take effective measures to strengthen country's energy security. (R. Today: 08)

Bangladesh's Foreign Minister has been elected as President of 81st session of UN General Assembly; Prime Minister congratulates. (R. Today: 19)

Home Minister has said government is against any kind of illegal 'push-in' or 'push-back'; BGB is on high alert along Bangladesh-India border. (BBC: 20)

UN Committee for Development Policy has recommended a three-year extension of Bangladesh's LDC preparatory transition period. (R. Today: 18)

Testimonies of all witnesses in case over rape and murder of Ramisa in Dhaka's Pallabi have been completed. (BBC: 04)

15 Bangladeshis have been arrested in Nepal for allegedly preparing to operate an online scam and blackmail center. (BBC: 07)

A teenager was killed in a mortar shell explosion near Naikhongchhari border in Bandarban. (BBC: 04)

Former West Bengal Chief Minister Mamata Banerjee has claimed to know everything about a major killing in Bangladesh. (BBC: 07)

Tehran has suspended peace talks unless Israel stops its "aggressive and brutal" operations in Lebanon and Gaza. (NHK: 10)


| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**জ্যৈষ্ঠ ২০, বাংলা ১৪৩৩, জুন ০৩, ২০২৬, বুধবার, নং- ১৪৮, ৫৬তম বছর**

# শিরোনাম

ফ্রিল্যান্সার ও কনটেন্ট ক্রিয়েটরদের আয়ের ওপর ভ্যাট বা কর আরোপ করা হচ্ছে না বলে জানিয়েছে প্রধানমন্ত্রী তারেক রহমান। (জাগো নিউজ: ১৬)

স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, সরকার যেকোনো ধরনের অবৈধ'পুশ-ইন- বা 'পুশ-ব্যাক' এর বিপক্ষে; বাংলাদেশ-ভারত সীমান্তে সর্বোচ্চ বিজিবি সতর্ক অবস্থানে। (বিবিসি: ০৮)

দেশের জ্বালানি নিরাপত্তা জোরদারসহ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিষয় দ্রুত পর্যালোচনা ও কার্যকর ব্যবস্থা গ্রহণে উচ্চপর্যায়ের মন্ত্রিপরিষদ উপ-কমিটি গঠন করেছে সরকার। (রে. টুডে: ১৯)

বাংলাদেশের স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে উত্তরণের প্রস্তুতিকাল ২০২৯ সালের ২৪ নভেম্বর পর্যন্ত বৃদ্ধি করার অনুরোধ ইতিবাচকভাবে বিবেচনার সুপারিশ করেছে জাতিসংঘের এ সংক্রান্ত কমিটি। (রে. টুডে: ২০)

জাতিসংঘের সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হয়েছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী, প্রধানমন্ত্রী তারেক রহমানের অভিনন্দন। (রে. টুডে: ১৮)

ঢাকার মিরপুরে শিশু রামিসা ধর্ষণ ও হত্যা মামলায় সাক্ষ্যগ্রহণ শেষ। (বিবিসি: ০৭)

অনলাইন স্ক্যাম সেন্টার পরিচালনার প্রস্তুতি নেওয়ার অভিযোগে নেপালে ১৫ জন বাংলাদেশি গ্রেফতার। (বিবিসি: ০৮)

বাংলাদেশে একটি 'বড় হত্যাকাণ্ড' সম্পর্কে সব জানেন বলে দাবি করেছেন পশ্চিমবঙ্গের সাবেক মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। (বিবিসি: ০৪)

বান্দরবানের নাইক্ষ্যংছড়ি সীমান্তে মর্টার শেল বিস্ফোরণে এক কিশোর নিহত। (বিবিসি: ০৭)

লেবানন ও গাজায় ইসরায়েলের 'আগ্রাসী ও নৃশংস' অভিযান অবিলম্বে বন্ধ না করা পর্যন্ত শান্তি আলোচনা স্থগিত করেছে তেহরান। (এনএইচকে: ১০)

# বিবিসি

## হরমুজ প্রণালি পুরোপুরি পুনরুদ্ধার হলেও ইরানের নিষেধাজ্ঞা তুলে নেওয়া হবে না : মার্কো রুবিও

মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও বলেছেন, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যকার আলোচনায় ইরানের এমন কিছু "পারমাণবিক কর্মসূচির বিষয় অন্তর্ভুক্ত রয়েছে, যেটি তারা (ইরান) এক মাস বা এক বছর আগেও উল্লেখ করতে অস্বীকৃতি জানিয়েছিল।'' মঙ্গলবার মার্কিন সিনেটের পররাষ্ট্র সম্পর্ক বিষয়ক কমিটির বৈঠকে এ কথা বলেন মার্কো রুবিও। তিনি বলেন, "কিন্তু কোনো গ্রহণযোগ্য চুক্তিতে পৌঁছানো যাবেই, এমন কোনো নিশ্চয়তা নেই।'' মার্কিন এই পররাষ্ট্রমন্ত্রী তাদের অভিযানগুলোকে সমর্থন করেন এবং সেগুলোকে "অত্যন্ত সফল'' বলে অভিহিত করেন। ''অপারেশন এপিক ফিউরি, যা আপনাদের মধ্যে কেউ কেউ অপছন্দ করেছেন এবং কেউ কেউ পছন্দ করেছেন, সেটি তার সামরিক লক্ষ্য অর্জনে সফল হয়েছে এবং ইরানের প্রতিরক্ষা শিল্পের ভিত্তিকে নাটকীয়ভাবে দুর্বল করে দিয়েছে।'' মার্কো রুবিও দাবি করেন, "এখন আর ইরানের কোনো নৌবাহিনী নেই, এটি সমুদ্রের তলদেশে অবস্থান করছে।''

সিনেটে তেহরান এবং ওয়াশিংটনের মধ্যে একটি সম্ভাব্য চুক্তি নিয়ে আলোচনা করার সময় তিনি বলেন, হরমুজ প্রণালি সম্পূর্ণ সচল বা উন্মুক্ত করা হলেও যুক্তরাষ্ট্র ইরানের ওপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহার করবে না। রুবিও সিনেট সদস্যদের জানান, "এটি নিয়ে আলোচনা করা হয়নি, এমন কোনো প্রস্তাবও দেওয়া হয়নি।'' ইরানের সমৃদ্ধ ইউরেনিয়াম এবং তাদের পারমাণবিক কর্মসূচির অন্যান্য দিকগুলো বর্জন করার শর্তে এই নিষেধাজ্ঞা প্রত্যাহার "শর্তসাপেক্ষ'' হতে পারে বলেও উল্লেখ করেছেন তিনি। (বিবিসি ওয়েব পেজ : ০২.০৬.২০২৬ নারগীস)

## বিদ্যুতের দাম বৃদ্ধির আভাস, কেন আবার সন্ধ্যায় দোকানপাট বন্ধের নির্দেশ

ঢাকার ইস্কাটনের বাসিন্দা ও একজন বেসরকারি চাকরিজীবী ইয়াসমিন ইসলাম মাসের খরচের হিসাব মিলাতে গিয়ে দেখেন, নিত্যপণ্য থেকে শুরু করে প্রায় সবকিছুর দামই এখন বাড়তি। এর মাঝে নতুন করে বিদ্যুতের দাম বাড়ার খবর তাকে আরও উদ্বিগ্ন করে তুলেছে। "এমনিতেই মাস শেষে নানা ধরনের বিল দিতে শেষ আমরা। এখন যদি আবার বিদ্যুতের দাম বাড়ে, তাহলে এই হিসাবের টাকায় সংসার চালানো আরও কঠিন হবে," বলছিলেন তিনি। শুধু মিজ ইসলাম নন, বিদ্যুতের সম্ভাব্য মূল্যবৃদ্ধির খবরে অনেক পরিবারই চিন্তিত। যদিও বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত বিদ্যুতের দাম বৃদ্ধি প্রসঙ্গে বিবিসি বাংলাকে জানিয়েছেন, যদি শেষ পর্যন্ত বিদ্যুতের দাম বাড়ানো হয়-ও, তাহলে সাধারণ গ্রাহকদের সুরক্ষা দেওয়ার বিষয়ে সরকার বিশেষ গুরুত্ব দেবে। একইসঙ্গে সরকার আবারও সন্ধ্যা ৭টার মধ্যে দেশের সব শপিংমল, মার্কেট ও দোকানপাট বন্ধ করে দেওয়ার মতো বিদ্যুৎ সাশ্রয়ী পদক্ষেপ ফিরিয়ে এনেছে। অর্থাৎ, সরকার একদিকে বিদ্যুৎ সাশ্রয়ের ব্যবস্থা ফিরিয়ে আনছে, অন্যদিকে প্রস্তুতি নিচ্ছে দাম বাড়ানোর। এর পেছনে কারণ কী? এই দাম বাড়ানোর প্রভাবই বা কী হবে?

### বাংলাদেশে বিদ্যুতের চাহিদা এবং ঘাটতি কত?

বর্তমানে দেশে বিদ্যুৎ উৎপাদনের মোট সক্ষমতা প্রায় ২৯ হাজার মেগাওয়াট। তবে বাস্তবে চাহিদা এর চেয়ে অনেক কম থাকে, বিবিসি বাংলাকে বলেন পাওয়ার সেলের মহাপরিচালক মোহাম্মদ খালেকুজ্জামান। তার ভাষায়, "বিদ্যুতের চাহিদা সাধারণত ১৭ হাজার মেগাওয়াটের আশপাশে থাকে। তবে এটি আবহাওয়া, মৌসুম এবং অন্যান্য বিভিন্ন বিষয়ের ওপর নির্ভর করে ওঠানামা করে।" তবে বর্তমানে দেশে গড়ে ১৫ থেকে ১৬ হাজার মেগাওয়াটের মধ্যে বিদ্যুৎ উৎপাদন করা হয় উল্লেখ করে তিনি বলেন, আরও বেশি বিদ্যুৎ উৎপাদনের সক্ষমতা সরকারের রয়েছে। "আমরা চাইলে আরও বেশি বিদ্যুৎ উৎপাদন করতে পারি। সেই সক্ষমতা আমাদের আছে। কিন্তু আর্থিক কারণে সব সক্ষমতা ব্যবহার করা হচ্ছে না। কারণ তেলভিত্তিক বিদ্যুৎকেন্দ্রগুলো চালাতে অনেক বেশি খরচ হয়। সেটা আমাদের জন্য বাস্তবসম্মত না," বলেন তিনি। তিনি জানান, বিদ্যুতের চাহিদা পুরোপুরি মেটাতে ব্যয়বহুল তেলভিত্তিক কেন্দ্র বেশি চালাতে হলে সরকারের ভর্তুকির পরিমাণ আরও বাড়বে। সামগ্রিক কারণে ঘাটতির পরিমাণও একেক দিন একেক রকম হয় উল্লেখ করে তিনি আরও বলেন, কোনো কোনো সময় আবহাওয়াগত কারণে, বিদ্যুৎকেন্দ্র রক্ষণাবেক্ষণ বা অন্য কারণে বন্ধ থাকলেও সাময়িকভাবে সরবরাহে ঘাটতি তৈরি হতে পারে। যদিও কনজুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)-এর জ্বালানি উপদেষ্টা এম শামসুল আলম বাংলাদেশে বিদ্যুৎ ঘাটতির প্রকৃত চিত্র নিয়ে প্রশ্ন তুলেছেন। তার ধারণা, বর্তমানে দেশে তিন হাজার মেগাওয়াটেরও বেশি ঘাটতি থাকতে পারে। তবে পাওয়ার সেলের তথ্য অনুযায়ী, সাম্প্রতিক সময়ে দৃশ্যমান ঘাটতি কয়েকশ মেগাওয়াটের মধ্যে ছিল। কারণ, গত ২০ মে রাত ৯টায় দেশে ১৭ হাজার ২০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদিত হয়। এটি হলো এখন পর্যন্ত বাংলাদেশের ইতিহাসের সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদনের রেকর্ড।

### বিদ্যুতের দাম বাড়ানোর কথা কেন ভাবছে সরকার?

বিদ্যুতের সম্ভাব্য মূল্যবৃদ্ধির আলোচনা এমন এক সময়ে সামনে এসেছে, যখন এরই মধ্যে জ্বালানি তেলের দাম কয়েক দফা বাড়ানো হয়েছে। গত এপ্রিল মাসে ডিজেল, পেট্রোল, অকটেন ও কেরোসিনের দাম উল্লেখযোগ্য হারে বাড়ানোর পর জুনের শুরুতে আবারও পেট্রোল, অকটেন ও কেরোসিনের দাম বৃদ্ধি করা হয়েছে। তবে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত বিবিসি বাংলাকে বিদ্যুতের দাম বাড়ানো প্রসঙ্গে বলেন, বিদ্যুতের দাম বাড়ানো

হবে কি না, সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার এখতিয়ার বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের (বিইআরসি)। তবে সরকারের দৃষ্টিভঙ্গি ব্যাখ্যা করে তিনি বলেন, বর্তমানে দেশের বিদ্যুতের বড়ো একটি অংশ বেসরকারি খাত থেকে কিনতে হয়। কিন্তু যে দামে সরকার বিদ্যুৎ কিনছে এবং যে দামে গ্রাহকদের কাছে বিক্রি করছে, তার মধ্যে উল্লেখযোগ্য ব্যবধান রয়েছে। "আমরা যে রেটে বিদ্যুৎ কিনছি এবং যে রেটে বিক্রি করছি, এর মধ্যে বড়ো একটা গ্যাপ আছে। সেই গ্যাপ পূরণ করতে সরকারকে বড়ো অঙ্কের ভর্তুকি দিতে হচ্ছে," বলেন তিনি। প্রতিমন্ত্রীর ভাষ্য অনুযায়ী, বিদ্যুৎ খাতে ভর্তুকির জন্য বাজেটে যে বরাদ্দ রাখা হয়, প্রকৃত ব্যয় অনেক ক্ষেত্রে সেই সীমাও ছাড়িয়ে যাচ্ছে। তবে সম্ভাব্য মূল্য সমন্বয়ের ক্ষেত্রে সাধারণ গ্রাহকদের সুরক্ষা দেওয়ার বিষয়ে সরকার গুরুত্ব দিচ্ছে বলেও জানান তিনি। "বিদ্যুৎ বিভাগ যখন এ বিষয়ে আমাদের সঙ্গে আলোচনা করেছে, তখন আমরা একটাই কথা বলেছি, লাইফলাইন গ্রাহক বা ক্ষুদ্র গ্রাহকরা যেন ক্ষতিগ্রস্ত না হন। আমাদের এ ধরনের গ্রাহক ৬০ শতাংশেরও বেশি। একান্ত সাধারণ মানুষের ওপর যেন বাড়তি চাপ না পড়ে, সেই রাজনৈতিক সিদ্ধান্ত আমরা আমাদের দিক থেকে জানিয়েছি," বলেন প্রতিমন্ত্রী। কনজুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)-এর জ্বালানি উপদেষ্টা এম শামসুল আলমের মতে, বিদ্যুৎ খাতের বর্তমান সংকটের পেছনে দীর্ঘদিনের নীতিগত ও কাঠামোগত সমস্যা দায়ী। তিনি বলেন, "বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি" আইন প্রণয়নের মাধ্যমে বিদ্যুৎ খাতের অনেক প্রচলিত মানদণ্ড ও জবাবদিহির প্রক্রিয়া স্থগিত করে উৎপাদন, সঞ্চালন ও বিতরণ সক্ষমতা বাড়ানো হয়েছিল। কিন্তু এর ফলে এই খাতে ব্যয়ও উল্লেখযোগ্যভাবে বেড়েছে।

এদিকে, বিদ্যুতের সম্ভাব্য মূল্যবৃদ্ধির পাশাপাশি দোকানপাটের সময়সীমা কমিয়ে আনার সিদ্ধান্ত নিয়ে আপত্তি রয়েছে ব্যবসায়ীদের। তাদের মতে, বাংলাদেশের প্রেক্ষাপটে সন্ধ্যার পরই মানুষের কেনাকাটার প্রধান সময়। তাই আগেভাগে দোকান বন্ধ করলে ব্যবসা ক্ষতিগ্রস্ত হবে। বাংলাদেশ দোকান মালিক সমিতির সভাপতি মো. হেলাল উদ্দিন বিবিসি বাংলাকে বলেন, "কেউ যদি মনে করে বিদেশের মতো সন্ধ্যায় সব বন্ধ করে দিলেই হবে, তাহলে হবে না। শীতপ্রধান দেশের সঙ্গে আমাদের বাস্তবতা এক নয়। দুবাই (সংযুক্ত আরব আমিরাতের শহর), সৌদি আরব, সিঙ্গাপুর, ব্যাংকক (থাইল্যান্ডের রাজধানী) কিংবা চীনের মতো দেশেও সন্ধ্যায় দোকানপাট বন্ধ হয় না। তারা দেরিতে খোলে, আবার দেরিতেই বন্ধ করে," বলেন তিনি। "এপ্রিলে জ্বালানি সংকটের সময় আমরা ভেবেছিলাম, সহযোগিতা করি। কিন্তু এখন যদি সেই সংকট না-ই থাকে, তাহলে দোকানপাট আগেভাগে বন্ধ করার প্রয়োজন কেন?" আর, এখন তো সন্ধ্যা সাতটার সময়ই আজান হয়। ওই সময় নামাজ পড়বো, নাকি দোকান বন্ধ করবো?" মো. হেলাল উদ্দিন জানান, দোকান মালিক সমিতি শীঘ্রই সরকারের কাছে আবেদন করবে, যাতে অন্তত রাত ৯টা পর্যন্ত দোকানপাট খোলা রাখার অনুমতি দেওয়া হয়। (বিবিসি ওয়েব পেজ : ০২.০৬.২০২৬ আলী আহমেদ)

## 'বাংলাদেশে কাকে দিয়ে খুন করিয়েছিলেন জানি?' দাবি মমতা ব্যানার্জীর

"বাংলাদেশে... কাকে দিয়ে খুন করিয়েছিলেন?" মঙ্গলবার ২ জুন কলকাতার ধর্মতলায় একটি ধর্না মঞ্চ থেকে বড়ো দাবি করলেন সাবেক মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। ওই ধর্না মঞ্চ থেকে পশ্চিমবঙ্গ পুলিশের স্পেশাল টাস্ক ফোর্সের প্রশংসা করে তিনি বলেন, "বাংলাদেশ থেকে একটা বড়ো খুনিকে এসটিএফ অ্যারেস্ট করেছিল জেনে রাখুন, যা নিয়ে বাংলাদেশে অনেক রেভল্যুশন হয়েছিল। অন্য দেশের কথা আমি বলছি না, আমার সেই অধিকার নেই, কিন্তু আমার মুখ্য বক্তব্য হলো, তারা মেঘালয় দিয়ে বাংলায় চলে আসে। তখন আমাদের এসটিএফ তাদের ধরে।" উল্লেখ্য, চলতি বছরেরই মার্চ মাসে পশ্চিমবঙ্গ পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স বাংলাদেশে ওসমান হাদির হত্যাকাণ্ডের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে দুই মূল অভিযুক্তকে গ্রেফতার করে। ধৃতদের নাম ফয়সাল করিম মাসুদ ওরফে রাহুল এবং আলমগীর হোসেন। এই দুই অভিযুক্ত মেঘালয় হয়ে পশ্চিমবঙ্গে ঢুকেছিল বলে জানিয়েছিল পশ্চিমবঙ্গ পুলিশ। এর পরে অভিযুক্ত ফিলিপ সাংমা নামে একজনকে নদিয়ার শান্তিপুরের কাছ থেকে গ্রেফতার করে এসটিএফ। এর আগে, ফয়সাল করিম মাসুদকে ওসমান হাদি হত্যাকাণ্ডের মূল অভিযুক্ত বলে ঘোষণা দিয়েছিল ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ। তবে এই ঘটনাটির দিকেই তিনি নির্দেশ করছেন কিনা, তা স্পষ্ট জানাননি সাবেক মুখ্যমন্ত্রী মিজ. ব্যানার্জী। সাবেক মুখ্যমন্ত্রী বলেন, "তার পরে হোম মিনিস্টার নিজে আমাকে ফোন করে বলেন, আপনি বেঙ্গল পুলিশকে বলে দিন, এই কথা যেন বাইরে না যায়। এটা দেশের স্বার্থে।" মমতা ব্যানার্জী প্রশ্ন তোলেন, "কাকে দিয়ে খুন করিয়েছিলেন? কার কার নাম বেরিয়েছিল? আজ গভর্নমেন্ট চেঞ্জ হলেও আমি তো সবটাই জানি। আমার হৃদয়টাই একটা কথা ভাণ্ডার, তথ্য ভাণ্ডার, সত্য ভাণ্ডার।" মমতা অভিযোগ করেন, দিল্লি থেকে কলকাঠি নেড়ে তৃণমূল কংগ্রেস ভেঙ্গে দেওয়ার চেষ্টা চলছে। মঙ্গলবারের এই ধর্নায় তৃণমূল কংগ্রেসের অনেক বিধায়ককে দেখা যায়নি। ওই মঞ্চ থেকে মমতা ব্যানার্জী ভোটপরবর্তী সহিংসতা, বুলডোজার দিয়ে ভাঙচুর, হকার উচ্ছেদ-সহ একাধিক অভিযোগ তুলেছেন বর্তমান শাসকদল বিজেপির বিরুদ্ধে। তৃণমূলের নেতা-কর্মীদের ভয় দেখানো হচ্ছে বলেও তার অভিযোগ। তিনি বলেছেন, "আমাদের সাংসদ, বিধায়ক, কাউন্সিলরদের ভয় দেখানো হচ্ছে। ভয় পাবেন না " ''আমাকে আটকাতে পারবেন না। সংবিধান রক্ষা করব। বিজেপির বিরুদ্ধে লড়াই চালিয়ে যাব। আমাদের কর্মী-সমর্থকরা আক্রান্ত।'' ভোট-পরবর্তী সন্ত্রাসের অভিযোগে রানি রাসমণি অ্যাভিনিউতে ধর্না কর্মসূচির ডাক দিয়েছিল তৃণমূল কংগ্রেস। তবে পুলিশের তরফে অনুমতি মেলেনি, তা নিয়ে 'অসন্তোষও' প্রকাশ করেছেন মমতা ব্যানার্জী এবং দলের নেতারা। সকাল থেকেই এই অংশে কড়া পুলিশি নিরাপত্তা

ছিল। সেদিকে ইঙ্গিত করে তিনি বলেছেন, "শান্তিপূর্ণ একটা মিটিংকে আপনারা কারাগারে পরিণত করেছেন। আমাদের কর্মীদের আসতে দেওয়া হচ্ছে না।"(বিবিসি ওয়েব পেজ : ০২.০৬.২০২৬ নারগীস)

## জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হয়েছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান

জাতিসংঘের সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হয়েছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অবস্থিত জাতিসংঘের সদর দপ্তর এই ভোট অনুষ্ঠিত হয়েছে। এতে জাতিসংঘের সদস্য ১৯০টি দেশ ভোটে অংশ নিয়েছে। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান ৯৯টি দেশের ভোট পেয়ে সভাপতি নির্বাচিত হয়েছেন। আগামী এক বছর মি. রহমান জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতির দায়িত্ব পালন করবেন। তার প্রতিদ্বন্দ্বী সাইপ্রাসের পররাষ্ট্রমন্ত্রীর বিশেষ দূত আন্দ্রেয়াস এস কাকোরিস পেয়েছেন ৯১টি দেশের ভোট। খলিলুর রহমান আগামী একবছর জাতিসংঘের সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনে সভাপতির দায়িত্ব পালন করবেন। এর আগে, বাংলাদেশের সাবেক পররাষ্ট্রমন্ত্রী হুমায়ুন রশীদ চৌধুরী ১৯৮৬ সালে জাতিসংঘের ৪১তম অধিবেশনে সাধারণ পরিষদের সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছিলেন। (বিবিসি ওয়েব পেজ : ০২.০৬.২০২৬ নারগীস)

## ইরানের সর্বোচ্চ নেতার জানাজা "সম্ভবত মহররমের প্রথম দিকে" অনুষ্ঠিত হবে

ইরানের প্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির জানাজা ও দাফন প্রক্রিয়া "সম্ভবত জিলহজ মাসের শেষে এবং মহররম মাসের শুরুতে" অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন তেহরান মিউনিসিপ্যালিটির সাংস্কৃতিক ও সামাজিক বিষয়ক উপ-প্রধান মোহাম্মদ আমিন তাভাকোলিজাদেহ। অর্থাৎ আর মাত্র দুই সপ্তাহ পরই ইরানের এই সর্বোচ্চ নেতার জানা হতে যাচ্ছে। ইরানের মেট্রোপলিটনগুলোর ৫২তম সামাজিক ও সাংস্কৃতিক কমিশনের বৈঠকে তিনি এ কথা জানান। তিনি জানান, আইআরজিসির এই দাফন অনুষ্ঠানের দায়িত্বে রয়েছেন তিনি এবং এর জন্য তিনদিনের একটি "পিপলস প্যারেড বা শোক মিছিলের" পরিকল্পনাও রয়েছে। মি. তাভাকোলিজাদেহ বলেন, বিদায় অনুষ্ঠানের পর জানাজা ও দাফন সংক্রান্ত আনুষ্ঠানিকতা হবে, যা তেহরানে অন্তত ২৪ ঘণ্টা ধরে চলবে। তিনি বলেন, "আমরা রাজধানীতে ১৫ থেকে ২০ মিলিয়নেরও(দেড় থেকে দুই কোটি) বেশি মানুষের সমাগমের জন্য প্রস্তুতি নিচ্ছি।" মি. তাভাকোলিজাদেহর তথ্য অনুযায়ী, তেহরানের পর কোম এবং মাশহাদ শহরে জানাজা অনুষ্ঠানের বিষয়টি নিশ্চিত করা হয়েছে এবং বিভিন্ন প্রদেশ থেকেও এই অনুষ্ঠান আয়োজনের অনুরোধ জানানো হয়েছে। তিনি জানান যে, আত্মীয়-স্বজনদের সুপারিশের ভিত্তিতে আয়াতুল্লাহ আলী খামেনিকে মাশহাদের ইমাম রেজা মাজার বা পবিত্র রওজা শরিফে দাফন করা হবে। তেহরানের উপ-মেয়র বলেন, পাকিস্তান, আফগানিস্তান, ভারত, বাংলাদেশ, কাশ্মীর এবং "পূর্ব ইসলামি বিশ্বের অন্যান্য অঞ্চল" থেকে কর্মকর্তা ও "শোকার্তরা" মাশহাদে উপস্থিত হবেন বলে আশা করা হচ্ছে। ইরানের ওপর ইসরায়েলি ও মার্কিন হামলা শুরুর মুখে, গত ২৮ ফেব্রুয়ারি নিজের কার্যালয়ে নিহত হন দেশটির সর্বোচ্চ নেতা আলী খামেনি। তার পরিবারের কয়েকজন সদস্যও ওইসময় নিহত হন এবং গত সপ্তাহে তেহরানে তাদের জন্য একটি অনুষ্ঠান করা হয়েছিল। এর আগে, তেহরানের ইসলামি প্রচার সমন্বয় পরিষদের প্রধান মহসেন মাহমুদ বলেছিলেন, মি. খামেনির জানাজা অনুষ্ঠান হবে "এমন একটি বৈশ্বিক অনুষ্ঠান যা ইসলামি বিশ্ব এবং ইরানের ইতিহাসে নথিবদ্ধ হয়ে থাকবে। আমরা ইতিমধ্যেই এই অনুষ্ঠানে যোগ দেওয়ার জন্য ইরাকের মতো অন্যান্য দেশ থেকে নিবন্ধন এবং প্রস্তুতি প্রকাশের বিষয়টি লক্ষ্য করছি।" (বিবিসি ওয়েব পেজ : ০২.০৬.২০২৬ নারগীস)

## গণমাধ্যমের ওপর দমন-পীড়নের চক্র ভাঙতে বাংলাদেশের প্রধানমন্ত্রীর প্রতি সিপিজের ১০টি সুপারিশ

বাংলাদেশে সাংবাদিকদের দলীয় নিপীড়নের চক্র ভেঙে সংবাদপত্রের স্বাধীনতা রক্ষা করতে দেওয়া নির্বাচনি ইশতেহারের প্রতিশ্রুতি বাস্তবায়নের কাজ শুরু করতে প্রধানমন্ত্রী তারেক রহমানকে আহ্বান জানিয়েছে কমিটি টু প্রটেক্ট জার্নালিস্টস (সিপিজে)। বর্তমান সরকারের একশ দিন পার হওয়ার পর এই আহ্বান জানিয়েছে সাংবাদিকদের অধিকার নিয়ে কাজ করা আন্তর্জাতিক এই সংগঠনটি। মঙ্গলবার সিপিজের ওয়েবসাইটে এই প্রতিবেদনটি প্রকাশ করা হয়েছে। এতে বলা হয়েছে, দুই বছরেরও কম সময়ের মধ্যে বাংলাদেশে তিনটি সরকার এসেছে। প্রতিটি ক্ষমতার পটপরিবর্তনের সময় সাংবাদিকরা আটক, অভিযুক্ত, নজরদারি, হামলা ও লাঞ্ছনার শিকার হয়েছেন। বিশেষ করে ক্ষমতাচ্যুত হওয়া সরকারের সাথে তাদের কথিত সংশ্লিষ্টতার কারণ দেখিয়ে এসব করা হয়েছে। সিপিজের এশিয়া-প্যাসিফিক প্রোগ্রাম কো-অর্ডিনেটর কুনাল মজুমদার বলেন, "বাংলাদেশের সংবাদপত্রের স্বাধীনতাকে প্রতিটি নতুন সরকারই প্রায়ই আগের সরকারের সঙ্গে সম্পৃক্ত থাকা সাংবাদিকদের বিরুদ্ধে আইনকে ব্যবহার করার একটি সুযোগ হিসেবে ব্যবহার করেছে।" তিনি বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের সরকার ভিন্ন কিছু করার প্রতিশ্রুতি দিয়েছিল, কিন্তু ১০০ দিন পার হওয়ার পরও অর্থবহ অগ্রগতি এখনো সীমিত। তিনি আরো বলেন, "কারাবন্দি সাংবাদিকদের মুক্তি দিয়ে এবং রাজনৈতিক উদ্দেশ্যে করা মামলাগুলো প্রত্যাহার করে সরকার কাজ শুরু করতে পারে। সেই সাথে সংবাদমাধ্যমের ওপর রাজনৈতিক প্রতিশোধ বন্ধ করা, সাংবাদিকদের উগ্র জনতার সহিংসতা থেকে রক্ষা করা, অপপ্রচার চালানো বন্ধ করা এবং যেসব আইনের কারণে এই বিষয়গুলো ঘটছে তা সংশোধন করা প্রয়োজন। এই পদক্ষেপগুলো নিশ্চিত করবে, প্রতিটি সাংবাদিকের ক্ষেত্রে একই মানদণ্ড প্রয়োগ করা হচ্ছে, তারা কাকে সমর্থন করছেন

বলে মনে করা হয় তা বিবেচনা না করেই। চক্রটি ভেঙে ফেলার অর্থ এটাই।" বাংলাদেশে সংবাদপত্রের স্বাধীনতা পুনরুদ্ধারে ১০টি সুপারিশ করেছে সিপিজে। এর মধ্যে রয়েছে, সাংবাদিকদের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল ও ফৌজদারি বিচার ব্যবস্থাকে ব্যবহার না করা, রাজনীতি বিবেচনা না করে সাংবাদিকদের বিরুদ্ধে হওয়া অপরাধের জবাবদিহিতা নিশ্চিত করা। এছাড়াও নিউজরুম ও সাংবাদিকদের মব ভায়োলেন্স থেকে রক্ষা করা, সাইবার আইনের সংস্কার করাসহ গণমাধ্যমের স্বাধীনতা পুনরুদ্ধারে দশটি সুপারিশ করেছে আন্তর্জাতিক এই সংগঠন সিপিজে।
(বিবিসি ওয়েব পেজ : ০২.০৬.২০২৬ নারগীস)

## লিবিয়া থেকে ১৭৪ জন বাংলাদেশিকে ফিরিয়ে এনেছে সরকার

স্বেচ্ছায় দেশে ফিরতে ইচ্ছুক এমন অনিয়মিত ১৭৪ জন বাংলাদেশি নাগরিককে লিবিয়ার ত্রিপোলি থেকে বাংলাদেশে ফিরিয়ে আনা হয়েছে। মঙ্গলবার ভোর পাঁচটায় তারা দেশে ফিরেছেন। লিবিয়া সরকার ও আন্তর্জাতিক অভিবাসন সংস্থার(আইওএম) সহযোগিতায় লিবিয়ায় অবস্থিত বাংলাদেশ দূতাবাস, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাধ্যমে তাদের ফেরানো হয়েছে। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। প্রত্যাবাসিত বাংলাদেশিদের বেশিরভাগই সমুদ্র পথে অবৈধভাবে ইউরোপ গমনের উদ্দেশ্যে মানবপাচারকারীদের প্ররোচনায় ও সহযোগিতায় লিবিয়ায় অনুপ্রবেশ করে বলে উল্লেখ করা হয়েছে এই বিজ্ঞপ্তিতে। তাদের অনেকে লিবিয়াতে বিভিন্ন সময়ে অপহরণ ও নির্যাতনের শিকার হয়েছিলেন বলেও অভিযোগ রয়েছে বলে জানিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। (বিবিসি ওয়েব পেজ : ০২.০৬.২০২৬ নারগীস)

## কীভাবে কাজ করছে 'ফসলের হাসপাতাল'?

বাংলাদেশের নেত্রকোনা জেলার আটপাড়া উপজেলার একটি কৃষক সংগঠন গড়ে তুলেছে 'ফসলের হাসপাতাল', যেখানে কৃষকদের রোগাক্রান্ত শস্যের চিকিৎসা সমাধান দেওয়া হয় বলে জানিয়েছেন এর উদ্যোক্তারা। তারা বলছেন, ক্ষেতের শস্য পোকা মাকড় কিংবা রোগ বালাইয়ে আক্রান্ত হলে কীটনাশক প্রয়োগ না করে, প্রাকৃতিক উপায়ে পোকা দমন ও বালাই নিয়ন্ত্রণ করার জন্য তারা কৃষকদের পরামর্শ দিয়ে থাকেন। "কৃষকরা রোগাক্রান্ত শস্যের স্যাম্পল নিয়ে আমাদের হাসপাতালে আসলে মূলত কোন রোগের জন্য কোন ঔষধ লাগবে এবং সেটা কীভাবে বানানো ও ব্যবহার করতে হবে সেই পরামর্শ দেওয়া হয়," বিবিসি বাংলাকে বলছিলেন 'ফসল হাসপাতাল' ব্যবস্থাপনায় জড়িতদের একজন আবদুল ওয়াদুদ খান। মি. খান জানিয়েছেন এই পরামর্শ দেওয়ার কাজটি করেন তাদের কৃষক সংগঠনের প্রশিক্ষিত কয়েকজন সদস্য। নেত্রকোনা জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মো. আমিরুল ইসলাম বলছেন তারাও এই 'ফসল হাসপাতালের' কথা শুনেছেন এবং এর উদ্যোক্তাদের সমস্যা সমাধানে 'অথেনটিক পরামর্শ' নিশ্চিত করার পরামর্শ দেওয়া হয়েছে। কৃষকদের এই ফসল হাসপাতালকে সহায়তা দিচ্ছে বারসিক নামের একটি বেসরকারি সংস্থা। সংস্থাটির নেত্রকোনা অঞ্চলের সমন্বয়ক অহিদুর রহমান বলছেন, ব্যতিক্রমী এই হাসপাতালে সবজি চাষ করা কৃষকরাই বেশি আসেন এবং সেখান থেকে তারা সমস্যা সমাধানে পরামর্শ ও সহায়তাও পেয়ে থাকেন। উদ্যোক্তারা অবশ্য বলছেন, ধান চাষিরা হাসপাতালটিতে কম আসেন, কারণ তারা কীটনাশকেই বেশি নির্ভর করতে চান। তবে অন্য অনেক শস্য চাষের ক্ষেত্রে কৃষকরা নিয়মিতই 'ফসল হাসপাতালে' এসে পরামর্শ নিয়ে থাকেন।

### কীভাবে গড়ে উঠেছে 'ফসল হাসপাতাল'

নেত্রকোনা জেলার আটপাড়া উপজেলায় গড়ে ওঠা এই ফসল হাসপাতালের মূল্য উদ্যোক্তা একটি কৃষক সংগঠন। 'বাঘড়া হাওর কৃষক সমিতি' নামে ওই সংগঠন প্রায় দেড় দশক আগে 'ফসল হাসপাতালটির' গোড়াপত্তন করে। এর উদ্যোক্তাদের একজন আব্দুল ওয়াদুদ খান বলেছেন, ২০১০-১১ সালের দিকে ফসলের পোকা-মাকড় সমস্যা নিয়ে আলোচনা করতে করতেই ফসল হাসপাতালের ধারণাটি তাদের মধ্যে তৈরি হয়। "আমরা তখন মুরুব্বিদের সাথেও কথা বলি। যাদের কৃষিকাজে অনেক অভিজ্ঞতা। কৃষকরা অভিজ্ঞতার আলোকে চাষাবাদের ক্ষেত্রে অনেক সিদ্ধান্ত নিয়ে থাকেন। এরপর আমরা ভাবলাম মানুষ কিংবা পশুর জন্য হাসপাতাল থাকলে ফসলের জন্যও হতে পারে," বলছিলেন মি. খান। বিবিসি বাংলাকে তিনি বলেন, "তখনি সিদ্ধান্ত হলো যে, একটি ফসল হাসপাতাল আমরা করতে পারি, যেখানে রোগাক্রান্ত ফসল নিয়ে কৃষক আসবে এবং প্রয়োজনীয় করণীয় সম্পর্কে সমাধান পাবে।" তিনি বলেন, 'ফসল হাসপাতাল' প্রতিষ্ঠার ক্ষেত্রে তাদের মূল্য উদ্দেশ্যই ছিল সার বা কীটনাশক ব্যবহার না করেও যে ক্ষেতের ফসলকে রোগমুক্ত করা যায় ও ফসল নিরাপদ রাখা যায় তা নিয়ে কৃষকদের উৎসাহিত করা। 'ফসল হাসপাতালের' সঙ্গে জড়িত আরেকজন কৃষক সায়েদ আহমেদ খান বাচ্চু বলছেন, কোনো শস্য বালাই আক্রান্ত হলে হাসপাতাল থেকে তাদের যথাযথ বালাই নাশক কোনটা হবে এবং সেটি কীভাবে তৈরি করতে হবে, সে সম্পর্কে পরামর্শ দেওয়া হয়। "আমরা ৫/৭ জনকে বিশেষ প্রশিক্ষণ দিয়েছি। তারা একেকজন একেক বিষয়ে প্রশিক্ষিত। কেউ শস্যের জাত, কেউ পোকামাকড় দমন, কেউ বা জাত সংরক্ষণ- এমন পাঁচটি বিষয়ে তারা পরামর্শ দিয়ে থাকেন। কোন শস্যে কোন পোকামাকড়, তা দেখে সেভাবেই বালাই নাশক বিষয়ে পরামর্শ দেওয়া হয় কৃষকদের," বলছিলেন তিনি। ওই হাসপাতালের সঙ্গেই কাজ করছেন স্থানীয় কৃষক মোহাম্মদ নইম মিয়া। তার দাবি, বালাইনাশক বা জৈব সার ব্যবহারের পাশাপাশি বিভিন্ন জাত সংরক্ষণ নিয়েও তারা কাজ করছেন। হাসপাতালটির সাথে ঘনিষ্ঠভাবে কাজ করা বেসরকারি সংস্থা বারসিকের কর্মকর্তা অহিদুর রহমান বলছেন, একটি কৃষক সংগঠনই এই হাসপাতালটি পরিচালনা করছে এবং

ফসলের রোগ বালাই হলে কৃষকরা সেখানে নিয়ে আসছে। "ফলে তাদের মধ্যে একটি আস্থার সম্পর্ক তৈরি হয়েছে। বীজ সংরক্ষণ, বালাই নাশক, ফসলের রোগ- এমন পাঁচটি বিষয়ে অভিজ্ঞ প্রশিক্ষিত ব্যক্তিরা সেখানে কাজ করছেন। কোন রোগের সমাধান কীভাবে হতে পারে তার একটি চার্ট তৈরি করে, সেটি অনুসরণ করে কৃষকদের পরামর্শ দিচ্ছেন তারা। পুরো ব্যাপারটিই আসলে প্রাকৃতিক ও পরিবেশ সম্মত। এটি জমির গুণাগুণ রক্ষায় সহায়ক হচ্ছে," বিবিসি বাংলাকে বলছিলেন মি. রহমান। একইসঙ্গে এই হাসপাতাল পরিচালনার সাথে জড়িতরা কীটনাশক ছাড়া চাষাবাদ করছেন এবং একইসঙ্গে অন্য কৃষকদের এ বিষয়ে সচেতন করছেন বলে জানান তিনি।

নেত্রকোনা জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিচালক আমিরুল ইসলাম বলছেন, কৃষি ও কৃষকের জন্য যে কোনো ভালো উদ্যোগকেই তারা ইতিবাচক বলে মনে করেন। "আমাদের কাছে তারা এসেছিল। আমরা শুধু বলেছি যে, যারা পরামর্শ দেবেন, তারা যেন কৃষককে অথেনটিক (নির্ভরযোগ্য) পরামর্শ দেন," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। প্রসঙ্গত, বাংলাদেশের কৃষকরা চাষাবাদের সার বা কীটনাশকের ওপর ব্যাপকভাবে নির্ভরশীল। বিশেষ করে ধানের ক্ষেত্রে সারের ব্যাপক ব্যবহার হয়। যদিও সারের ব্যবহার ফসলের উৎপাদন বাড়ালেও বেশি ব্যবহারের কারণে জমির উর্বরতা কমে যায় বলে কৃষি বিশেষজ্ঞরা বলে থাকেন। আবার বেশি সার কিংবা কীটনাশক ব্যবহারের মাধ্যমে ফসলের জন্য ক্ষতিকর কীটপতঙ্গ মারতে গিয়ে অনেক উপকারী পোকামাকড় ধ্বংস হওয়ায় সার-কীটনাশকের ব্যবহার নিয়ে সমালোচনাও আছে অনেক। এমনকি সার কীটনাশক এখন জনস্বাস্থ্যেও প্রভাব ফেলছে বলে কৃষি বিভাগ বরাবরই সহনীয় পর্যায়ে সার কীটনাশক ব্যবহারে জোর দিয়ে আসছে। অনেক সময় কৃষকরা অধিক ফলনের জন্য জমিতে বেশি পরিমাণে রাসায়নিক সার, কীটনাশক ও ছত্রাকনাশক প্রয়োগ করছেন। আবার কীটনাশক দেওয়ার পর নির্দিষ্ট পরিমাণ সময় অপেক্ষা না করেই ফসল তোলা হচ্ছে যা মানবদেহের জন্য বিপজ্জনক বলে জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা বলে আসছেন। এখন নেত্রকোনার 'ফসল হাসপাতালের'র উদ্যোক্তারা বলছেন, স্বল্প পরিসরে হলেও তারা এই হাসপাতালের মাধ্যমে জৈব সার ও প্রাকৃতিক বালাইনাশক দিয়েই যে ভালো ফলন সম্ভব, সেটিই কৃষকদের জানানোর চেষ্টা করছেন।

(বিবিসি ওয়েব পেজ : ০২.০৬.২০২৬ আলী আহমেদ)

## ভোলায় তোফায়েল আহমেদের জানাজায় অসংখ্য মানুষ, বিক্ষোভ ছাত্রদল ও যুবদলের

আওয়ামী লীগের বর্ষীয়ান রাজনীতিবিদ তোফায়েল আহমেদের জানাজায় হাজার হাজার মানুষ অংশ নিয়েছেন। মঙ্গলবার দুপুর আড়াইটায় ভোলা সরকারি বালক উচ্চবিদ্যালয়ে মাঠে তার দ্বিতীয় জানাজা অনুষ্ঠিত হয়েছে। এর আগে, ভোলায় বিক্ষোভ করেছে ছাত্রদল ও যুবদলের বেশ কিছু নেতা-কর্মী। ওই বিদ্যালয়ের মাঠে জানাজা না পড়ানো এবং আওয়ামী লীগের নেতারা যাতে জানাজায় অংশ না নেন, সে দাবি করেছিল ওই নেতা-কর্মীরা। তবে, বিএনপির জ্যেষ্ঠ নেতারা এসে ছাত্রদল ও যুবদলের কর্মীদের সেখান থেকে সরিয়ে নিয়ে যান। স্থানীয় সাংবাদিকরা জানান, জানাজায় কয়েক হাজার মানুষ অংশ নিয়েছেন। এই জানাজায় আওয়ামী লীগ ও তাদের অঙ্গ-সংগঠনের নেতা-কর্মী, বিএনপির নেতা-কর্মীসহ বিভিন্ন পেশার মানুষ অংশ নিয়েছেন। এর আগে, দুপুর পৌনে বারোটায় ঢাকা থেকে তোফায়েল আহমেদের মরদেহ হেলিকপ্টারে করে ভোলায় নিয়ে যাওয়া হয়। পরে সেখান থেকে অ্যাম্বুলেন্সে করে ভোলা সরকারি স্কুলের মাঠে নিয়ে যাওয়া হয় তার মরদেহ। দুপুরে জানাজা শেষে সদর উপজেলার কোড়ালিয়া গ্রামে বাবা-মায়ের কবরের পাশে দাফন করা হবে। সোমবার বিকেল সাড়ে তিনটায় ঢাকার স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান ৮১ বছর বয়সী তোফায়েল আহমেদ। ষাটের দশকের ছাত্ররাজনীতির সেই উত্তাল সময়ে আন্দোলন-সংগ্রামের মধ্য দিয়ে তোফায়েল আহমেদ হয়ে উঠেছিলেন উনসত্তরের গণ-অভ্যুত্থানের অন্যতম প্রধান নেতা। এরপর মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক মি. আহমেদ স্বাধীন বাংলাদেশে আওয়ামী লীগের একজন প্রভাবশালী নেতা হিসেবে দাপটের সঙ্গে রাজনীতিতে ছিলেন।(বিবিসি ওয়েব পেজ : ০২.০৬.২০২৬ নারগীস)

## শিশু রামিসা ধর্ষণ ও হত্যার ঘটনায় করা মামলায় ১৬ জনের সাক্ষ্যগ্রহণ হয়েছে

ঢাকার মিরপুরে শিশু রামিসা ধর্ষণ ও হত্যার ঘটনায় করা মামলায় সাক্ষ্যগ্রহণ শেষ। শিশুটির বাবা ও মা, বোন ও তদন্তকারী কর্মকর্তাসহ ১৬ জনের সাক্ষ্যগ্রহণ করা হয়েছে। কাল আসামিদের আত্মপক্ষ সমর্থণের দিন ধার্য করেছেন আদালত। মঙ্গলবার ঢাকার একটি বিচারিক আদালতে মাত্র দুই কার্যদিবসেই সাক্ষ্যগ্রহণ শেষ হয়েছে এই মামলার। সকালে শুনানি শুরুর আগে আসামি সোহেল রানা ও স্বপ্না খাতুনকে আদালতে হাজির করা হয়। শুনানিতে রাষ্ট্রপক্ষের আইনজীবী আজিজুর রহমান আদালতকে জানিয়েছেন, আসামি সোহেল রানার উদ্ভট বক্তব্য প্রচার করে মামলার বিচার ভিন্নখাতে নেয়ার চেষ্টা করা হচ্ছে। নিহত রামিসার বাবা সন্তান হত্যায় ন্যায়বিচার দাবি করে আসামিদের সর্বোচ্চ শাস্তি দাবি করেন। এই মামলার মোট ১৭ জন সাক্ষীর মধ্যে তদন্ত কর্মকর্তা মো. অহিদুজ্জামানের জবানবন্দি গ্রহণ শেষে তাকে জেরা করেছে আসামিপক্ষের আইনজীবী। বুধবার আসামিপক্ষের আত্মপক্ষ সমর্থণের পর উভয়পক্ষের যুক্তিতর্ক উপস্থাপন করা হবে। পরে মামলাটির রায়ের দিন নির্ধারণ করবে বিচারিক আদালত।

(বিবিসি ওয়েব পেজ : ০২.০৬.২০২৬ নারগীস)

## নাইক্ষ্যংছড়ি সীমান্তে মর্টার শেল বিস্ফোরণে এক কিশোর নিহত

বান্দরবানের নাইক্ষ্যংছড়ি সীমান্তের শূন্য লাইন থেকে মিয়ানমারের দশ গজ ভেতরে মর্টার শেল বিস্ফোরণে সতনাইম তঞ্চঙ্গা নামের এক কিশোর নিহত হয়েছেন। নাইক্ষ্যংছড়ির উপজেলা নির্বাহী কর্মকর্তা এনামুল হাসান বিবিসি বাংলাকে

বিষয়টি নিশ্চিত করেছেন। দুপুর সোয়া ১টা থেকে দেড়টার মধ্যে এ ঘটনা ঘটেছে বলে জানিয়েছেন তিনি। ওই কিশোরের আনুমানিক বয়স ১৫ বছর বলে জানিয়েছেন এই উপজেলা নির্বাহী কর্মকর্তা। মি. হাসান বলেন, "উনার যে পরিচয় পাওয়া গেছে, উনার নাগরিকত্বই মিয়ানমারের। উনার স্থায়ী ঠিকানা মিয়ানমারের। বাংলাদেশের সীমান্তে বসবাস করতেন।" বাংলাদেশ ও মিয়ানমারের নাইক্ষ্যংছড়ির অংশে অবস্থিত শূন্য লাইন থেকে আরো প্রায় দশ গজ মিয়ানমারের অভ্যন্তরে এ ঘটনাটি ঘটেছে। ওই মরদেহের বিষয়ে কী করা হবে জানতে চাইলে মি. হাসান জানান, এ বিষয়ে এখন পর্যন্ত কী ব্যবস্থা নেওয়া হয়েছে, সেটি জানা যায়নি। সীমান্তের দায়িত্বে থাকা বিজিবি ও অন্যান্য আইন-শৃঙ্খলা বাহিনী এ বিষয়ে সিদ্ধান্ত নেবে বলে জানিয়েছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা।
(বিবিসি ওয়েব পেজ : ০২.০৬.২০২৬ নারগীস)

## অনলাইন প্রতারণার অভিযোগে কাঠমান্ডুতে ১৫ জন বাংলাদেশি গ্রেফতার

কম্বোডিয়া ও মিয়ানমারের মতো অনলাইন স্ক্যাম (প্রতারণা) সেন্টার পরিচালনার প্রস্তুতি নেওয়ার অভিযোগে কাঠমান্ডু পুলিশ বাংলাদেশি নাগরিকসহ বেশ কয়েকজন বিদেশি নাগরিককে গ্রেফতার করেছে। শুক্রবার নেপালের রাজধানী কাঠমান্ডুর প্রধান পর্যটন এলাকা থামেল থেকে পুলিশ ১৫ জন বাংলাদেশি এবং চারজন ভারতীয় নাগরিককে আটক করেছে। বিবিসি নেপালি সার্ভিসের সংবাদদাতা অশোক দাহাল জানিয়েছেন, নেপাল পুলিশের কাঠমান্ডু ভ্যালি ক্রাইম ইনভেস্টিগেশন অফিস জানিয়েছে, প্রাথমিক তদন্তে জানা গেছে গ্রেফতার ব্যক্তিরা একজন চীনা নাগরিকের চালানো একটি 'স্ক্যাম সেন্টারে' কর্মরত ছিলেন। ক্রাইম ইনভেস্টিগেশন অফিসের মুখপাত্র ও পুলিশ সুপার রামেশ্বর কার্কি বলেছেন, "ওই চীনা নাগরিক বর্তমানে পলাতক রয়েছেন। আমরা তাকে খুঁজছি।" পুলিশের রিপোর্ট অনুযায়ী, গ্রেফতারকৃত বাংলাদেশি নাগরিকদের বেশিরভাগই আগে কম্বোডিয়ায় কাজ করেছেন। তারা জিজ্ঞাসাবাদে পুলিশকে বলেছেন, কম্বোডিয়ায় পরিচয় হওয়া চীনা অপারেটররা তাদের নেপালে নিয়ে এসেছে। পুলিশ সুপার কার্কির মতে, সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মের মাধ্যমে নারীদের আপত্তিকর ছবি পাঠিয়ে এ চক্রটি ভুক্তভোগীদের ব্ল্যাকমেইল করে অর্থ আদায় করত। প্রাথমিক তদন্তে দেখা গেছে, চক্রটি স্থানীয় নেপালিদের নয়, বরং প্রধানত বাংলাদেশি এবং ভারতীয় নাগরিকেরা ছিলেন তাদের টার্গেট। শুক্রবার গ্রেফতার ১৯ জনকেই পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য ইমিগ্রেশন বিভাগের কাছে হস্তান্তর করা হয়েছে। পুলিশ জানিয়েছে, তাদেরকে ডিপোর্ট অর্থাৎ বাংলাদেশে ফেরত পাঠানো হতে পারে। জানা গেছে, স্ক্যাম সেন্টার পরিচালনার জন্য পলাতক চীনা নাগরিক থামেল এলাকার একটি পুরো হোটেল ভাড়া নিয়েছিলেন। হোটেলের মালিক প্রতি মাসে সাত লাখ নেপালি রুপি ভাড়ার বিনিময়ে হোটেলটি লিজ দিয়েছিলেন। পুলিশ জানিয়েছে, অভিযানের সময় কম্পিউটার, মোবাইল ফোন এবং অন্যান্য ইলেকট্রনিক সরঞ্জাম জব্দ করা হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ : ০২.০৬.২০২৬ নারগীস)

## বাংলাদেশের সীমান্তে বিজিবি সতর্ক রয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ

বাংলাদেশের সীমান্তে বিজিবি সতর্ক রয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। দুপুরে সচিবালয়ে সীমান্তে ভারতের বিএসএফ কর্তৃক নারী ও শিশুদের 'পুশব্যাকের' ঘটনার বিষয়ে সাংবাদিকদের করা এক প্রশ্নে এ কথা জানান তিনি। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "আমরা এগুলো শুনতে পাচ্ছি। বর্ডারে আমাদের বিজিবি অ্যালার্ট আছে। আমরা যে-কোনো ধরনের ইল্লিগ্যাল 'পুশ-ইন- বা 'পুশ-ব্যাক' এগুলোর বিপক্ষে।" "কিন্তু যদি বাংলাদেশের কোনো সিটিজেন কোনো কারণেই হোক, যদি সেই দেশে যেয়ে থাকে, তাদের যদি ন্যাশনাল আইডি ভেরিফিকেশন করা হয়, আমরা এটাকে বলি যে, ন্যাশনাল আইডি ভেরিফিকেশন করে যদি কেন্দ্রীয় সরকারের তরফ থেকে সেরকম কোনো তালিকা আমাদের পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করে, তারা সেটা আইনানুগভাবে রিপ্যাট্রিয়েশন প্রসেসটা ফলো করবে" বলে জানান মি. আহমদ। একইসঙ্গে এরকম আইডি ভেরিফিকেশনের কোনো বিষয় এখনো পেন্ডিং নেই উল্লেখ করে তিনি বলেন, "যদি অতীতে পেন্ডিং থাকে, সেটা অবশ্যই সেভাবে লিগ্যালি অ্যাড্রেস করা হবে।"
(বিবিসি ওয়েব পেজ : ০২.০৬.২০২৬ নারগীস)

## এখন থেকে ন্যূনতম পক্ষে ৫০ ভাগ মামলা গাড়ির মালিককে না দিয়ে চালকের বিরুদ্ধে করা হবে

এখন থেকে ন্যূনতম পক্ষে ৫০ ভাগ মামলা গাড়ির মালিককে না দিয়ে চালকের বিরুদ্ধে করা হবে বলে জানিয়েছেন অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মো. আনিসুর রহমান। মঙ্গলবার ঢাকা মেট্রোপলিটন পুলিশের এক সংবাদ সম্মেলনে এ কথা জানান তিনি। মি. রহমান বলেন, "গাড়িটা চালায় হচ্ছে চালক, কিন্তু দেখা যায় যে, চালক ধরা-ছোঁয়ার বাইরে থেকে যাচ্ছে।" চালককে মামলা দিলে দুই ধরনের ঘটনা ঘটবে উল্লেখ করে তিনি বলেন, "একটা হচ্ছে তাকে তো জরিমানার টাকা দিতে হবে, আরেকটা হচ্ছে ডিমেরিটস পদ্ধতিতে তার ড্রাইভিং লাইসেন্স থেকে পয়েন্ট কাটা যাবে।" এর ফলে গাড়ির মালিক পরবর্তীতে একজন চালকের ড্রাইভিং লাইসেন্সের পয়েন্ট যাচাই করে তাকে চাকরিতে নিয়োগ দিতে পারবেন বলে জানান তিনি। ভুয়া মামলা কি না, সেটি কীভাবে বোঝা যাবে, এমন প্রসঙ্গে তিনি জানান, "আমাদের তরফ থেকে কোনোদিন আপনাদের কোনো পাসওয়ার্ড বা কোড নম্বর কোনো কিছু চাওয়া হবে না। আপনার কাছে যে চিঠি যাবে, ওই চিঠিতে আমাদের আটটা ডিভিশনের অফিসারদের স্বাক্ষর আছে।" একইসঙ্গে ট্রাফিক টেকনিক্যাল ইউনিটের কর্মকর্তাদের স্বাক্ষর থাকবে মামলার কপিতে, বলেন এই পুলিশ কর্মকর্তা। শীঘ্রই গাড়ির

নম্বরপ্লেট সঠিক, পরিষ্কার লেখা রয়েছে কিনা, সেটি যাচাই করতে অভিযান পরিচালনা করা হবে বলে জানান মি. রহমান। (বিবিসি ওয়েব পেজ : ০২.০৬.২০২৬ নারগীস)

## মাজারের দিঘিতে কুমিরে টেনে নিয়ে যাওয়া শিশুটির মরদেহ উদ্ধারের পর দাফন

বাগেরহাটে খানজাহান আলী মাজারের দিঘিতে কুমিরে টেনে নিয়ে যাওয়া শিশুটির মরদেহ উদ্ধারের পর ময়না তদন্ত ছাড়াই জানাজা শেষে দাফন করা হয়েছে। মঙ্গলবার ভোরে দিঘির পূর্ব পাড় থেকে মরদেহটি উদ্ধার করা হয়েছে বলে গণমাধ্যমকে জানিয়েছেন মাজারের খাদেম ফকির তরিকুল ইসলাম। মরদেহ উদ্ধারের পর মাজার কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিয়ে শিশুটিকে দাফন করে। সোমবার রাতে শিশুটিকে টেনে নিয়ে যায় কুমির। ফায়ার সার্ভিসের ওয়ারহাউজ ইন্সপেক্টর মো. দুলাল হোসেন সোমবার বিবিসিকে জানিয়েছেন, শিশুটির বয়স আনুমানিক সাত বছর ছিল এবং প্রত্যক্ষদর্শীদের সাথে কথা বলে জানা গেছে, শিশুটি দিঘির ঘাটে হাত-মুখ ধুতে বা গোসল করতে নেমেছিলো। শিশুর সাথে অভিভাবক ছিল কিনা জানতে চাইলে তিনি বলেন, মা ছিল। তবে মা মানসিকভাবে সুস্থ নন। তাই হয়তো তিনি বুঝতে পারেননি। আর তারা (মা ও শিশু) দর্শনার্থী না, তারা মাজারেই থাকেন। উল্লেখ্য, এই ঘটনাটি ঘটে আজ সোমবার রাত পৌনে ৯টার দিকে। এর আগে গত আটই এপ্রিল একটি কুকুরকে পুকুরঘাট থেকে টেনে নিয়ে গিয়েছিল কুমির। সেই ঘটনার একটি ছবি ছড়িয়ে পড়লে ব্যাপক প্রতিক্রিয়ার তৈরি হয়েছিল। (বিবিসি ওয়েব পেজ : ০২.০৬.২০২৬ নারগীস)

# রেডিও তেহরান

## বাংলাদেশের ইসলামী ব্যাংকের উত্থান বিতর্ক ও রাজনৈতিক ক্ষমতার একটি পারস্পরিক জটিলতা

বাংলাদেশের আর্থিক খাতে ইসলামী ব্যাংক বাংলাদেশের উত্থান বিতর্ক রাজনৈতিক টার্গেটিং এবং শেষ পর্যন্ত নিয়ন্ত্রণ হারানোর ঘটনাকে এখন অনেকের শুধু একটি ব্যাংক দখলের গল্প হিসেবে দেখছেন না বরং এটি রাষ্ট্রীয় গণমাধ্যম বুদ্ধিজীবী গোষ্ঠী এবং রাজনৈতিক ক্ষমতার পারস্পরিক সম্পর্কে একটি জটিল উদাহরণ হিসেবে আলোচিত হয়েছে। সাম্প্রতিক সময়ে প্রথম আলোর কয়েকটি অনুসন্ধানী প্রতিবেদন ও ফটোকার্ড প্রকাশ করে দেখিয়েছে কিভাবে ২০১১ থেকে ২০১৮ সালের মধ্যে ইসলামী ব্যাংক ধীরে ধীরে রাজনৈতিক পৃষ্ঠপোষকতায় এস আলম গ্রুপের নিয়ন্ত্রণে চলে যায় এবং পরবর্তীতে ব্যাপক লুটপাটের শিকার হয়। প্রতিবেদনে রাষ্ট্রীয় সংস্থার ভূমিকা নিয়ন্ত্রক প্রতিষ্ঠানের নিরবতা এবং আর্থিক অনিয়মের বিস্তৃত চিত্র উঠে এসেছে। তবে একইসঙ্গে নতুন করে আলোচনা শুরু হয়েছে আরেকটি প্রশ্ন নিয়ে। এই দখল প্রক্রিয়ার সামাজিক ও রাজনৈতিক ভিত্তি কিভাবে তৈরি হয়েছিল এবং সেই ভিত্তি তৈরীতে গণমাধ্যম ও সুশীল সমাজের একটি অংশের ভূমিকা কতটা বিশ্লেষকদের মতে ইসলামী ব্যাংক কে ঘিরে যে জনমত তৈরি হয়েছিল সেটি হঠাৎ করে গড়ে ওঠেনি। দীর্ঘ প্রায় দুই দশক ধরে বিভিন্ন মহল থেকে ব্যাংকটিকে একটি নির্দিষ্ট রাজনৈতিক ও আদর্শিক কাঠামোর মধ্যে উপস্থাপন করা হয়েছে। ফলে যখন এর মালিকানা কাঠামোয় রাষ্ট্রীয় হস্তক্ষেপ ঘটে তখন সমাজের একটি অংশ সেটিকে অন্যায় হিসেবে দেখেনি। বরং প্রয়োজনীয় বা নৈতিক পদক্ষেপ হিসেবে বিবেচনা করেছে। এই প্রক্রিয়াকে অনেকে মার্কিন ভাষাতাত্ত্বিক ও রাজনৈতিক বিশ্লেষক নোয়াম চামচকি এবং এডওয়ার্ড এস হারম্যানের আলোচিত ম্যানুফ্যাকচারিং কনসেন্ট তত্ত্বের সঙ্গে তুলনা করছেন। তাদের বিখ্যাত গ্রন্থ ম্যানুফ্যাকচারিং কনসেন্টে দেখানো হয়েছিল আধুনিক গণমাধ্যম কিভাবে তথ্য নির্বাচন উপস্থাপন এবং পুনরাবৃত্তির মাধ্যমে জনগণের মধ্যে একটি নির্দিষ্ট মতামত প্রতিষ্ঠা করে এবং শেষ পর্যন্ত সেই মতামত রাষ্ট্রীয় নীতির পক্ষে সামাজিক বৈধতা তৈরি করে। বাংলাদেশের ক্ষেত্রে ইসলামী ব্যাংক কে কেন্দ্র করে অনুরূপ একটি পরিস্থিতি তৈরি হয়েছিল বলে সমালোচকরা মনে করেন। স্বাধীনতার পর দেশের ব্যাংকিং খাতে শরিয়া ভিত্তিক ব্যাংকিং একটি বিকল্প ধারার সূচনা করে ইসলামী ব্যাংক বাংলাদেশ। প্রবাসী আয় ক্ষুদ্র ব্যবসা গ্রামীণ অর্থনীতি এবং ধর্মীয় মূল্যবোধ সম্পন্ন গ্রাহকদের মধ্যে ব্যাংকটি দ্রুত জনপ্রিয়তা অর্জন করে। দেশের সবচেয়ে লাভজনক বেসরকারি ব্যাংকগুলোর একটি হিসেবে প্রতিষ্ঠিত হওয়ার পাশাপাশি এটি হাসপাতাল শিক্ষা প্রতিষ্ঠান বীমা এবং বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানের সঙ্গে একটি বিস্তৃত অর্থনৈতিক নেটওয়ার্ক তৈরি করে। কিন্তু একই সময়ে ব্যাংকটির সঙ্গে জামায়াতে ইসলামের ঘনিষ্ঠতার অভিযোগ রাজনৈতিক অঙ্গনে আলোচনায় ছিল। যদিও ব্যাংকের পক্ষ থেকে বরাবরই দাবি করা হয়েছিল যে এটি একটি স্বতন্ত্র বাণিজ্যিক প্রতিষ্ঠান। তবুও ধীরে ধীরে জনপরিসরে ভিন্ন এক বয়ান শক্তিশালী হতে থাকে।

কোন রাজনৈতিক দল বা মতাদর্শের বিরোধিতা করা গণতান্ত্রিক অধিকার। কিন্তু সেই বিরোধিতার ভিত্তিতে একটি আর্থিক প্রতিষ্ঠান ব্যবসা বা অর্থনৈতিক নেটওয়ার্ককে ধ্বংসযজ্ঞ হিসেবে উপস্থাপন করা কতটা গ্রহণযোগ্য? সমালোচকদের মতে এই প্রবণতা শেষ পর্যন্ত আইনের শাসন ও সম্পত্তির নিরাপত্তাকে দুর্বল করে। কারণ একবার যদি রাজনৈতিক পরিচয় এর ভিত্তিতে কারো অর্থনৈতিক অধিকার কেড়ে নেওয়াকে বৈধ বলে মনে করা হয় তাহলে ভবিষ্যতে একই পদ্ধতি অন্য যেকোনো কষ্টের বিরুদ্ধে প্রয়োগ করা সম্ভব হয়ে যায়। বাংলাদেশের রাজনৈতিক বাস্তবতার মৌলবাদ, বিরোধিতা এবং যুদ্ধাপরাধ বিরোধিতা দীর্ঘদিন ধরে একটি শক্তিশালী নৈতিক অবস্থান হিসেবে ব্যবহার হয়ে আসছে। এই অবস্থানের কারণে অনেক সময় ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণকেও সমাজের একটি অংশ ন্যায্য বলে মনে করছেন। কিন্তু সমালোচকরা বলেছেন, এই নৈতিক অবস্থানকে ব্যবহার করে যদি আইন বহির্ভূত দখল, অর্থনৈতিক নিপীড়ন বা রাজনৈতিক প্রতিশোধকে বৈধতা দেয়া হয় তাহলে সেটি শেষ পর্যন্ত পুরো রাষ্ট্রীয় কাঠামোর

জন্য বিপদজনক হয়ে ওঠে। অনেক বিশ্লেষক মনে করেন, ইসলামী ব্যাংকের ঘটনাটি ভবিষ্যতের জন্য একটি গুরুত্বপূর্ণ শিক্ষা। কারণ এইখানে দেখা গেছে প্রথমে একটি প্রতিষ্ঠানকে রাজনৈতিকভাবে চিহ্নিত করা হয়েছে তারপর সেটিকে সামাজিকভাবে বিতর্কিত করা হয়েছে। এরপর সেই প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রশাসনিক হস্তক্ষেপ ঘটেছে এবং শেষ পর্যন্ত অর্থনৈতিক লুটপাটেট সুযোগ তৈরি হয়েছে। এই পুরো প্রক্রিয়ায় গণমাধ্যম ও বুদ্ধিজীবী সমাজের একটি অংশের ভূমিকা নিয়ে এখন নতুন করে প্রশ্ন উঠেছে। সমালোচকদের ভাষ্য অনুযায়ী, বর্তমানে যারা ইসলামী ব্যাংকের ব্যাংক লুটপাট নিয়ে ক্ষোভ প্রকাশ করছেন তাদের অনেকেই অতীতের সেই পরিবেশ তৈরিতে প্রত্যক্ষ বা পরোক্ষ ভূমিকা রেখেছিলেন। তবে তাদের মধ্যে আত্মসমালোচনা বা অনুশোচনার প্রবণতা খুবই কম দেখা যায়। বরং অনেকে এখনো বিশ্বাস করেন যে, মৌলবাদ বিরোধী অবস্থানের কারণে সেই প্রচারণা নৈতিকভাবে সঠিক ছিল। কিন্তু বিরোধীরা বলছেন, কোন রাজনীতিক বা আদর্শিক অবস্থান কখনোই রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় অর্থনৈতিক দখলদারির নৈতিক অনুমোদন হতে পারে না। বাংলাদেশের ব্যাংকিং খাত বর্তমানে যে আস্থাহীনতা, খেলাপি ঋণ এবং অর্থ পাচারের সংকটে ভুগছে ইসলামী ব্যাংকের ঘটনাকে অনেকেই তার একটি প্রতীকী উদাহরণ হিসেবে দেখছেন।

(রেডিও তেহরান: ০২.০৬.২০২৬ রুবাইয়া, এলিনা)

## এনএইচকে

### লেবাননের কারণে শান্তি আলোচনা স্থগিত করল তেহরান

লেবাননের ক্রমবর্ধমান লড়াই যুক্তরাষ্ট্র-ইরান শান্তি আলোচনাকে ঝুঁকির মুখে ফেলেছে। ইরানের একটি সংবাদমাধ্যম জানিয়েছে যে, এই পরিস্থিতির কারণে তেহরানের আলোচকরা মধ্যস্থতাকারীদের মাধ্যমে যোগাযোগ স্থগিত করেছেন। যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা এগিয়ে নেওয়ার আগে তারা লেবাননে যুদ্ধবিরতির দাবি অব্যাহত রেখেছেন। ইরানের তাসনিম বার্তা সংস্থা সোমবার এই সিদ্ধান্তের কথা জানিয়েছে। এতে বলা হয়েছে, ইরানি কর্মকর্তারা তাদের ভাষায়, লেবানন ও গাজায় ইসরায়েলের 'আগ্রাসী ও নৃশংস' অভিযান অবিলম্বে বন্ধ করার দাবি জানিয়েছে। ইরানি কর্মকর্তারা লেবাননের "দখলকৃত এলাকা" থেকে সম্পূর্ণভাবে সরে যাওয়ার জন্যও আহ্বান জানিয়েছে। এতে আরও বলা হয়েছে যে, দাবিগুলো মেনে না নেওয়া পর্যন্ত তেহরান কোনো আলোচনায় বসবে না। এদিকে ইসরায়েল এবং হিজবুল্লাহ পরস্পরের প্রতি হামলা অব্যাহত রেখেছে। ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু বার বার যুদ্ধবিরতি লঙ্ঘন এবং বেসামরিক নাগরিকদের উপর হামলার জন্য ইরান-সমর্থিত শিয়া মুসলিম এই গোষ্ঠীকে দায়ী করে আসছেন। তিনি সোমবার বৈরুতের কাছে নতুন করে হামলার নির্দেশ দিয়েছেন। তিনি বলেন, "আমরা দক্ষিণ লেবাননে স্থলভাগে আমাদের অভিযান কার্যক্রম আরও জোরদার করছি এবং হিজবুল্লাহর শক্ত ঘাঁটিগুলো নির্মূল করছি। হিজবুল্লাহ এখন পলাতক। আমরা নিরাপত্তা পুনরুদ্ধারে দৃঢ়প্রতিজ্ঞ।" ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই লেবাননে ইসরায়েলি হামলার নিন্দা জানিয়ে বলেছেন, এটি যুদ্ধবিরতির একটি "স্পষ্ট এবং নির্লজ্জ লঙ্ঘন"।

(এনএইচকে ওয়েব পেজ: ০২.০৫.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### বনলতা এক্সপ্রেস-এর প্রদর্শনী বন্ধের প্রতিবাদে রুমিন ফারহানা

''যারা বাংলাদেশকে পেছনে নিয়ে যেতে চায়, যারা বাংলাদেশকে মৌলবাদী রাষ্ট্র হিসেবে বিশ্বের কাছে পরিচিত করতে চায়, তারাই ব্রাহ্মণবাড়িয়ায় 'বনলতা এক্সপ্রেস'–এর প্রদর্শনী বন্ধ করে দিয়েছে" বলে মনে করেন সংসদ সদস্য রুমিন ফারহানা।ব্রাহ্মণবাড়িয়ার সরাইল উপজেলার শাহবাজপুর এলাকায় আয়োজিত এক মানববন্ধন কর্মসূচিতে তিনি এ কথা বলেন। সোমবার 'বনলতা এক্সপ্রেস' চলচ্চিত্র প্রদর্শনী বন্ধের প্রতিবাদে 'ব্রাহ্মণবাড়িয়ার সর্বস্তরের জনগণ'–এর ব্যানারে আয়োজিত এ কর্মসূচিতে জেলার বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠনের নেতারা বক্তব্য দেন। এই কর্মসূচিতে প্রধান অতিথির বক্তব্য দেন ব্রাহ্মণবাড়িয়া-২ (সরাইল-আশুগঞ্জ ও বিজয়নগরের একাংশ) আসনের সংসদ সদস্য রুমিন ফারহানা। তিনি বলেন, ''বাংলাদেশের সংস্কৃতির রাজধানী বলা হয় ব্রাহ্মণবাড়িয়াকে। সেই ব্রাহ্মণবাড়িয়ায় ২০২১ সালে সুরসম্রাট ওস্তাদ আলাউদ্দিন খাঁর সংগীতাঙ্গন আগুন দিয়ে জ্বালিয়ে দেওয়া হয়, ব্রাহ্মণবাড়িয়ায় একটা সিনেমা হল নেই, ব্রাহ্মণবাড়িয়ায় কোনো সাংস্কৃতিক প্রতিষ্ঠানকে দাঁড়াতে দেওয়া হচ্ছে না। এই কালো নকশা করা করছে? যারা বাংলাদেশকে পেছনের দিকে নিয়ে যেতে চায়, যারা বাংলাদেশকে অন্ধকারে নিয়ে যেতে চায়, যারা বাংলাদেশকে একটা মৌলবাদী রাষ্ট্র হিসেবে বিশ্বের কাছে পরিচিত করতে চায়, তারাই বাংলাদেশের সংস্কৃতির রাজধানী ব্রাহ্মণবাড়িয়াতে একটা সিনেমা, যেটা একেবারেই পরিবারের সকলকে নিয়ে দেখার মতো সিনেমা "বনলতা এক্সপ্রেস", তার প্রদর্শনী বন্ধ করে দিয়েছে।" রুমিন ফারহানা আরো বলেন, ''গতকাল আমি সিনেমাটি দেখেছি, এটি চমৎকার একটি সিনেমা। এটি পরিবারের শিশু-কিশোর-বৃদ্ধ—সবাই একসঙ্গে বসে দেখতে পারে। সেই সিনেমা কেন বন্ধ করে দেওয়া হলো?" সিনেমা প্রদর্শন বন্ধে রাষ্ট্রের ভূমিকা সম্পর্কে রুমিন ফারহানা বলেন, ''আমি যদি প্রশ্ন করি, যে রাষ্ট্র ৬ বছরের শিশুকে ধর্ষণ আর বলাৎকার থেকে রক্ষা করতে পারে না; যেই রাষ্ট্র ৭০ বছরের বৃদ্ধাকে ধর্ষণের হাত থেকে রক্ষা করতে পারে না; যেই রাষ্ট্রে দুর্নীতি, দুঃশাসন, টাকা পাচার, ব্যাংক লুট এবং কোনো অন্যায় বন্ধ করতে পারে না; সেই রাষ্ট্র কেন সিনেমা বন্ধের মদদ দেয়? কারণ, আমরা গত দুই বছরের অভিজ্ঞতা থেকে দেখেছি, একটার পর একটা মাজার ভাঙা

হয়েছে, কবর থেকে তুলে নিয়ে মানুষ পোড়ানো হয়েছে; আমরা দেখেছি, দক্ষিণপন্থা বা ডানপন্থার উত্থান। কিন্তু আমার দেশের মানুষ তো এমন ছিল না। এ দেশে আমরা যেমন সুমধুর আজান শুনেছি, আমরা বাউলগানও শুনেছি।" সরকারের উদ্দেশে রুমিন ফারহানা বলেন, ''যাদেরকে আপনারা আজ আশ্রয়-প্রশ্রয় দিচ্ছেন; আপনাদের মদদে যারা আজ গানবাজনা, সাংস্কৃতিক কর্মকাণ্ডের ওপরে শক্তভাবে প্রতিরোধ করার সাহস পাচ্ছে, একদিন তাদের হাতেই কিন্তু আপনারা পরাজিত হবেন। আমি আশা রাখব, শুভবুদ্ধির উদয় হবে। সামনের প্রজন্মকে আমরা যেন সাংস্কৃতিক কর্মকাণ্ড থেকে দূরে না রাখি। আমরা এই রকম রাষ্ট্র আশা করি না, যেই রাষ্ট্র মানুষকে পেছনে টেনে নিয়ে যায়।" রুমিন ফারহানা দাবি করেন, ''অবিলম্বে ব্রাহ্মণবাড়িয়ায় সাংস্কৃতিক কর্মকাণ্ড যেন নির্বিঘ্নে চলতে পারে, সেই ব্যবস্থা করে দেওয়া হোক। প্রশাসনের কাছে আমার আবেদন থাকবে, ব্রাহ্মণবাড়িয়া বাংলাদেশের সাংস্কৃতিক রাজধানী—এই পরিচয় আপনারা কোনো গোষ্ঠীকে মুছে ফেলতে দেবেন না।" গত শনিবার ব্রাহ্মণবাড়িয়া ফিল্ম সোসাইটি 'বনলতা এক্সপ্রেস' প্রদর্শনীর আয়োজন করেছিল। কিন্তু বৃহস্পতি ও শুক্রবার জেলার কওমি ছাত্র ঐক্য পরিষদের ব্যানারে সিনেমাটি প্রদর্শন না করার জন্য সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে প্রচার চালানো হয়। পরে রোববার ব্যক্তিগত উদ্যোগে একজন কসবা উপজেলায় একটি স্কুলের মাঠে সিনেমাটির প্রদর্শনীর আয়োজনের উদ্যোগ নেন। কিন্তু পুলিশ ও প্রশাসন গিয়ে সেটি বন্ধ করে দেয় বলে অভিযোগ রয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০২.০৬.২০২৬ রনি)

## বাংলাদেশে তিন মাসে ৩১ হাজার ৪৮৭ কোটি টাকার খেলাপি ঋণ বৃদ্ধি

বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ প্রতিবেদন অনুযায়ী, তিন মাসের ব্যবধানে ৩১ হাজার ৪৮৭ কোটি টাকার খেলাপি ঋণ বেড়েছে। গত মার্চ শেষে দেশের তফসিলি ব্যাংকে খেলাপি ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ৫ লাখ ৮৮ হাজার ৭০৪ কোটি টাকা। বাংলাদেশ ব্যাংক বলছে, গত ডিসেম্বর মাস শেষে ব্যাংকিং খাতে খেলাপি ঋণের পরিমাণ ছিল ৫ লাখ ৫৭ হাজার ২১৭ কোটি টাকা। মার্চ শেষে তিন মাসের ব্যবধানে বেড়েছে ৩১ হাজার ৪৮৭ কোটি টাকা। গত অক্টোবর-ডিসেম্বর প্রান্তিকে খেলাপি ঋণ কমলেও পরের প্রান্তিকে তা বেড়ে যায়। বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদন অনুযায়ী, মার্চ মাস শেষে দেশের ৬১টি তফসিলি ব্যাংকে মোট বিতরণ করা ঋণের পরিমাণ বেড়ে দাঁড়ায় ১৮ লাখ ২৪ হাজার ৬৬৮ কোটি টাকা। তিন মাসের ব্যবধানে ঋণ বিতরণ বেড়েছে প্রায় ৪ হাজার কোটি টাকা। আর এখন মোট বিতরণ করা ঋণের ৩২ দশমিক ২৬ শতাংশ খেলাপি হয়ে পড়েছে। রাষ্ট্র মালিকানাধীন ব্যাংকের খেলাপি ঋণের হার সবচেয়ে বেশি। এসব ব্যাংকে খেলাপি ঋণের হার বিতরণ করা ঋণের প্রায় ৪৬ শতাংশ। তবে এসব ব্যাংকে আগের প্রান্তিকের চেয়ে জানুয়ারি-মার্চ প্রান্তিকে খেলাপি ঋণ কমেছে। সব মিলিয়ে ওই সব ব্যাংকের খেলাপি ঋণের পরিমাণ ৩ লাখ ২৬ হাজার ৬৮৬ কোটি টাকা। বিগত আওয়ামী লীগ সরকারের আমলে খেলাপি ঋণ বেড়েছিল। ২০০৯ সালের জানুয়ারিতে আওয়ামী লীগের নেতৃত্বাধীন জোট সরকার দায়িত্ব নেওয়ার সময় খেলাপি ঋণের পরিমাণ ছিল ২২ হাজার ৪৮১ কোটি টাকা। তারা ক্ষমতাচ্যুত হওয়ার আগে ২০২৪ সালের জুনে খেলাপি ঋণ বেড়ে দাঁড়ায় ২ লাখ ১১ হাজার ৩৯১ কোটি টাকা। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০২.০৬.২০২৬ রনি)

## কেন পদত্যাগ করলেন দীপেন দেওয়ান?

পদত্যাগপত্রে দীপেন দেওয়ান লিখেছেন, ''দায়িত্ব গ্রহণের পর থেকে আমি শারীরিক নানা জটিলতায় ভুগছি। আমার শারীরিক অসুস্থতার কারণে মন্ত্রণালয়ের নিয়মিত কাজের দায়িত্ব পালনে নানাবিধ সমস্যা তৈরি হচ্ছে। বর্তমান সরকারের উন্নয়ন ও প্রশাসনিক কাজের গতিশীলতা বাড়াতে আমার বর্তমান পদ (মন্ত্রী) থেকে অব্যাহতি গ্রহণ করা আবশ্যক বলে মনে করছি।" দীপেন দেওয়ানের পদত্যাগপত্র প্রত্যাহার এবং পুনর্বহালের দাবিতে গতকাল তার অনুসারী-সমর্থকেরা রাঙামাটি শহরে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন। তাদের দাবি, চাপ প্রয়োগের কারণে মন্ত্রী পদত্যাগ করতে বাধ্য হয়েছেন। রাঙামাটি জেলা বিএনপির সহসভাপতি সাইফুল ইসলাম ডিডাব্লিউর কনটেন্ট পার্টনার প্রথম আলোকে বলেন, 'দীপেন দেওয়ান শারীরিকভাবে অসুস্থ নন।' একাধিক রাজনৈতিক সূত্র জানিয়েছে, দীপেন দেওয়ান পার্বত্য চট্টগ্রামবিষয়ক মন্ত্রী হওয়ার পর থেকে অস্বস্তিতে ছিলেন। এর কারণ হিসেবে বলা হচ্ছে, এই মন্ত্রণালয়ে পাহাড়ি ক্ষুদ্র জাতিগোষ্ঠীর প্রতিনিধি হিসেবে মন্ত্রী দীপেন দেওয়ানের পাশাপাশি চট্টগ্রাম-৫ (হাটহাজারী) আসনের সংসদ সদস্য মীর মোহাম্মদ হেলাল উদ্দিনকে প্রতিমন্ত্রী নিয়োগ দেওয়া। এই মন্ত্রণালয়ে পার্বত্য এলাকার বাইরে থেকে প্রতিমন্ত্রী নিয়োগ এই প্রথম এবং বিষয়টি নিয়ে পাহাড়িদের মধ্যে প্রশ্ন ছিল। তারা মনে করেন, এ মন্ত্রণালয়ের মন্ত্রী-প্রতিমন্ত্রী পাহাড়ি ক্ষুদ্র জাতিগোষ্ঠীরই প্রাপ্য। তবে এসব আলোচনার বিষয়ে দীপেন দেওয়ানের বক্তব্য জানতে চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি। মীর মোহাম্মদ হেলাল উদ্দিন বলেন, 'আমাদের মধ্যে কখনো দূরত্ব ছিল না। পদত্যাগের বিষয়টি জানতে পেরে আমি উনাকে ফোন করেছিলাম। কিন্তু উনাকে পাওয়া যায়নি। তবে উনি অসুস্থ ছিলেন শুনেছি। কেন পদত্যাগ করেছেন, বুঝতে পারছি না।' দীপেন দেওয়ানের পদত্যাগের আরেকটি কারণ হিসেবে আলোচনায় এসেছে—তিন পার্বত্য জেলা রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলা পরিষদের পুনর্গঠনে মতভিন্নতা। সংশ্লিষ্ট একটি সূত্র বলছে, প্রধানমন্ত্রীর দপ্তর থেকে মন্ত্রী দীপেন দেওয়ানকে দ্রুততার সঙ্গে পার্বত্য জেলা পরিষদ পুনর্গঠনের নির্দেশনা দেওয়া হয়েছিল। কিন্তু তিনি সময়ক্ষেপণ করছিলেন। অন্য একটি সূত্রের দাবি, পার্বত্য চট্টগ্রামবিষয়ক মন্ত্রী হিসেবে দীপেন দেওয়ান তার মতো করে জেলা পরিষদের প্রশাসক নিয়োগ দিতে চেয়েছিলেন। সেটি পারেননি। মন্ত্রী তার স্বজনদের কাউকে বসানোর চেষ্টা করছেন, এমন আলোচনাও আছে।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০২.০৬.২০২৬ রনি)

### মশা মারতে বিদেশ সফরে তারেকের না

মশা নিয়ন্ত্রণ ব্যবস্থা পর্যবেক্ষণের জন্য চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) মেয়র ও কর্মকর্তাদের যুক্তরাষ্ট্র সফরের প্রস্তাব নাকচ করে দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার রাতে প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, স্থানীয় সরকার বিভাগ চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন এবং পাঁচ কর্মকর্তার যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা সফরের অনুমোদন চেয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে একটি সারসংক্ষেপ পাঠায়। যুক্তরাষ্ট্রভিত্তিক প্রতিষ্ঠান ভ্যালেন্ট বায়োসায়েন্সেস এলএলসি'র অর্থায়নে প্রস্তাবিত এ সফরের উদ্দেশ্য ছিল মশা নিয়ন্ত্রণ ও দমন ব্যবস্থার আধুনিক পদ্ধতি পর্যবেক্ষণ করা। প্রস্তাবটি সম্পর্কে মন্তব্য করতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, 'মশা দমন বা নিয়ন্ত্রণ শেখার কিংবা তা পর্যবেক্ষণের জন্য যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় যাওয়ার কোনো প্রয়োজন নেই। সূর্যাস্তের পর দেশে যেকোনো স্থির পানির উৎসের পাশে দুই-তিন ঘণ্টা সময় কাটালেই মশা নিয়ন্ত্রণের বহু উদ্ভাবনী পদ্ধতি বের করা সম্ভব। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০২.০৬.২০২৬ রনি)

### অভিবাসন আইনে বড় পরিবর্তনের সিদ্ধান্ত ইউরোপীয় ইউনিয়নের

যে সমস্ত অভিবাসনপ্রত্যাশীর আবেদন খারিজ হয়ে যাবে এবং কূটনৈতিক কারণে যাদের তার পরেও ডিপোর্ট করা সম্ভব হবে না, তাদের ডিটেনশন ক্যাম্পে পাঠানো হবে বলে প্রাথমিকভাবে সিদ্ধান্ত নিয়েছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। আইন পাশ হলে তবেই এই নিয়ম বলবৎ হবে। ইউরোপীয় ইউনিয়নের বাইরে তৃতীয় কোনও দেশে এই ডিটেনশন সেন্টার তৈরি হতে পারে। কোথায় কবে কীভাবে এই ডিটেনশন সেন্টার তৈরি হবে, তা স্পষ্ট করেনি ইইউ। ২০২৫ সালে ইউরোপে অভিবাসনপ্রত্যাশীর সংখ্যা প্রায় ৩০ শতাংশ কমেছে। কিন্তু তা সত্ত্বেও দক্ষিণপন্থি দলগুলি অভিবাসন নিয়ে প্রচারণা চালিয়ে যাচ্ছে। সাধারণ মানুষের একটি বড় অংশ তাদের সমর্থন করছে। এই পরিস্থিতিতে ইইউ এমন একটি আইন তৈরির সিদ্ধান্ত নিলো। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০২.০৬.২০২৬ রনি)

### লেবাননে ইসরায়েলকে আক্রমণ বন্ধ করতে বললেন ট্রাম্প

শান্তি বৈঠক বন্ধ করে দিয়েছে ইরান। তাদের বক্তব্য, লেবাননকে বাদ দিয়ে শান্তি বৈঠক সম্ভব নয়। ইসরায়েল যেভাবে লেবাননে লাগাতার আক্রমণ চালিয়ে যাচ্ছে, তাতে শান্তি বৈঠক সম্ভব নয় বলে জানিয়েছে তারা। অ্যামেরিকার প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প সোমবার জানিয়েছেন, ইসরায়েল এবং হিজবুল্লা দু'তরফই সংঘর্ষবিরতিতে আগ্রহ দেখিয়েছে। ইরানের দাবি, ইসরায়েলের আক্রমণে লেবাননে এখনো পর্যন্ত সাড়ে তিন হাজার মানুষ নিহত হয়েছেন। ১০ লাখেরও বেশি মানুষ ঘর ছেড়ে পালিয়েছেন। ট্রাম্প জানিয়েছেন, ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু এবং হিজবুল্লার শীর্ষ নেতৃত্বের সঙ্গে আলাদা করে কথা বলেছেন তিনি। দুই তরফই সংঘর্ষবিরতিতে আগ্রহ প্রকাশ করেছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০২.০৬.২০২৬ রনি)

## জাগো নিউজ

### সন্ধ্যায় হোটেল-রেস্তোরাঁ বন্ধ হলে ধস নামবে ব্যবসায়

দেশে বিদ্যুৎ সাশ্রয়ে ঈদের পর আবারও সব শপিংমল, মার্কেট ও দোকান সন্ধ্যা ৭টার মধ্যে বন্ধ রাখার নির্দেশ দিয়েছে সরকার। তবে নির্দেশনায় রেস্তোরাঁ খোলা না বন্ধ থাকবে, সে বিষয়টি স্পষ্ট করা হয়নি। এতে রেস্তোরাঁ মালিকদের মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে। তারা আইনশৃঙ্খলা বাহিনীর হাতে হয়রানির আশঙ্কা দেখছেন। সন্ধ্যায় শপিংমল ও দোকানপাট বন্ধের ফলে রেস্তোরাঁয় বিক্রি ৫০ থেকে ৬০ শতাংশ কমার আশঙ্কা করছেন ব্যবসায়ীরা। তারা বলছেন, রাত ১০টা থেকে ১১টা পর্যন্ত রেস্তোরাঁ খোলা রাখার ব্যবস্থা থাকতে হবে। ব্যবসায়ীরা বলছেন, আগের নির্দেশনায় রেস্তোরাঁ বন্ধ রাখার কথা বলা না হলেও মাঠপর্যায়ে তারা নানা ধরনের হয়রানির মুখে পড়েছেন। অনেক সময় পুলিশ বা সংশ্লিষ্ট সংস্থার লোকজন এসে রেস্তোরাঁর সাইনবোর্ড, বিলবোর্ড ও বাইরের আলোকসজ্জা বন্ধ করে দিতে চাপ দেয়। এমনকি রেস্তোরাঁর ভেতরে লাইট জ্বালিয়ে রাখলেও বিদ্যুতের সংযোগ বিচ্ছিন্ন করার হুমকি দেয়। এতে রেস্তোরাঁ খোলা আছে কি না, সেটিই মানুষ বুঝতে পারে না। আর বিপণিবিতান সন্ধ্যা ৭টায় বন্ধ হলে মানুষ বাইরে বের হন না, এতে রেস্তোরাঁয় ক্রেতাও কমে যায়। এভাবে চলতে থাকলে ব্যবসায় আরও ধস নামবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

### লুটপাটকারীকে জোর করে ইসলামী ব্যাংকের চেয়ারে বসানোর ফল ভালো হবে না

'পলাতক, ফ্যাসিস্ট ও লুটপাটকারী বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নরকে জোর জবরদস্তি করে ইসলামী ব্যাংকের চেয়ারে বসানোর ফলাফল ভালো হবে না' বলে মন্তব্য করেছেন বিরোধী দলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি বলেন, 'যে গ্রাহকের পাঁচটি শেয়ার আছে, সেও ইসলামী ব্যাংকের একজন মালিক। সুতরাং একটি সমৃদ্ধ ব্যাংক দখল হয়ে যাবে, গ্রাহকরা বসে থাকবে না। এজন্য গ্রাহক হিসেবে আমাকেও রাজপথে নামতে হতে পারে।' মঙ্গলবার (২ জুন) বিকেল ৫টায় সিলেট মহানগর জামায়াত আয়োজিত জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে জামায়াত আমির এসব কথা বলেন। 'জুলাই গণঅভ্যুত্থান পরবর্তী সময়ে গণতান্ত্রিক বাংলাদেশ পেলেও দেশ ও জনগণ ভালো নেই' উল্লেখ করে বিরোধী দলীয় নেতা বলেন, 'শিশু ধর্ষণ

ও হত্যা, খুন, চুরি-ছিনতাই, চাঁদাবাজি ও সন্ত্রাসী কর্মকাণ্ড আশঙ্কাজনক হারে বেড়েছে। আর সরকার ব্যস্ত রাষ্ট্রযন্ত্রের বিভিন্ন স্তরে দলকানাদের বসাতে।' (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## ৬ কোটি টাকার করোনা ইউনিট এখন পরিত্যক্ত, নষ্ট হচ্ছে যন্ত্রপাতি

করোনাভাইরাস মহামারির ভয়াবহ সময়ে রোগীদের চিকিৎসাসেবা নিশ্চিত করতে প্রায় ৬ কোটি টাকা ব্যয়ে রাজশাহীতে নির্মাণ করা হয়েছিল একটি বিশেষায়িত করোনা ইউনিট। কিন্তু সংক্রমণ কমে যাওয়ায় ইউনিটটি আর কাজে লাগানো হয়নি। ফলে দীর্ঘদিন ধরে বন্ধ অবস্থায় থেকে নষ্ট হচ্ছে সেখানে স্থাপিত মূল্যবান চিকিৎসা সরঞ্জাম। জনস্বাস্থ্য বিশেষজ্ঞদের মতে, ভবিষ্যৎ ব্যবহার নিয়ে সুনির্দিষ্ট পরিকল্পনার অভাবে এ প্রকল্পে ব্যয় হওয়া বিপুল সরকারি অর্থ কার্যত অপচয়ের মুখে পড়েছে। জানা গেছে, ২০২১ সালে করোনার ভয়াবহ সংক্রমণের সময় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে অতিরিক্ত চাপ তৈরি হয়। বিশেষ করে অক্সিজেন সংকট ও বেড স্বল্পতা পরিস্থিতিকে আরও জটিল করে তোলে। এমন অবস্থায় রাজশাহী সদর হাসপাতালে একটি বিশেষায়িত করোনা ইউনিট চালুর সিদ্ধান্ত নেয় স্বাস্থ্য বিভাগ। গণপূর্ত বিভাগের মাধ্যমে ৫ কোটি ৮৯ লাখ ৯ হাজার ৬৩ টাকা ব্যয়ে নির্মিত হয় এই ইউনিট। সেখানে স্থাপন করা হয় সেন্ট্রাল অক্সিজেন সরবরাহ ব্যবস্থা ও আধুনিক চিকিৎসা সরঞ্জাম। পাশাপাশি ভবনটিরও সংস্কার করা হয়। তবে ইউনিটটি প্রস্তুত হওয়ার আগেই করোনা সংক্রমণ উল্লেখযোগ্যভাবে কমে যায়। ফলে এটি আর চালু করা হয়নি। সেই সময় থেকেই পুরো ইউনিটটি তালাবদ্ধ অবস্থায় পড়ে আছে। দীর্ঘদিন ব্যবহারের না হওয়ায় ইউনিটটির চিকিৎসা সরঞ্জামে ধুলা-ময়লা জমে এখন নষ্ট হওয়ার উপক্রম। রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে স্বাস্থ্যকর্মী এম এ জাহিদ বলেন, করোনার পর থেকে এই ইউনিটটি তালাবদ্ধ অবস্থায় রয়েছে। দীর্ঘ সময় ব্যবহার না করায় কক্ষের ভেতরে থাকা সরঞ্জামাদি নষ্ট হয়ে যাওয়ার পথে। করোনার সময়ে প্রায় ৬ কোটি টাকা ব্যায়ে এই ইউনিটটি তৈরি করা হয়। কিন্তু করোনার পর থেকে অযত্নে-অবহেলায় ভবনসহ যন্ত্রপাতি নষ্ট হচ্ছে। মেডিকেল কর্তৃপক্ষ থেকে পরিকল্পিতভাবে উদ্যোগ নেওয়া হলে এসব দামি যন্ত্রপাতি এভাবে নষ্ট হতো না।

(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## কন্যা সন্তানের নিরাপত্তায় শটগানের লাইসেন্স চাইলেন বাবা

নিজের কন্যা সন্তানের নিরাপত্তায় একটি শটগানের লাইসেন্স চেয়েছেন তানজিরুল ইসলাম সম্রাট নামের ফেনীর এক বাবা। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে এজন্য আবেদন করেছেন তিনি। মঙ্গলবার (২ জুন) সন্ধ্যায় এ তথ্য জানিয়েছেন সম্রাট। তিনি ফেনীর সোনাগাজী উপজেলার চর দরবেশ ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের বাসিন্দা। রোববার (৩১ মে) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় আবেদন জমা দেন সম্রাট। তাতে উল্লেখ করেন, তার সাত বছর বয়সী একটি কন্যা আছে। দেশের বর্তমান সামাজিক পরিস্থিতি এবং বিভিন্ন অনাকাঙ্ক্ষিত ঘটনার কারণে সন্তানের নিরাপত্তা নিয়ে তিনি উদ্বিগ্ন। সম্রাটের ভাষ্য, একজন দায়িত্বশীল পিতা হিসেবে পরিবারের নিরাপত্তা নিশ্চিত ও আত্মরক্ষার জন্য প্রয়োজন একটি বৈধ অস্ত্র। 'অস্ত্রের অপব্যবহার রোধে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করবেন এবং প্রচলিত আইন ও বিধিবিধানের সব শর্ত মেনে চলবেন'— আবেদনে এমন প্রতিশ্রুতিও দেন সম্রাট। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## মোহাম্মদপুরে দুই নারীর ব্যাগ-স্বর্ণ ছিনতাই, পুলিশের হাতে ধরা আরও একজন

রাজধানীর মোহাম্মদপুরে ঈদের ছুটি শেষে ফেরা দুই নারী ছিনতাইয়ের শিকার হওয়ার ঘটনায় আনোয়ার হোসেন নামের আরও একজনকে গ্রেফতার করেছে পুলিশ। মঙ্গলবার (২ জুন) মোহাম্মদপুর জোনের সহকারী পুলিশ কমিশনার (এসি) আব্দুল্লাহ আল মামুন এ তথ্য নিশ্চিত করেন। এর আগে একই ঘটনায় জড়িত থাকার অভিযোগে জুয়েল নামের একজনকে নারায়ণগঞ্জ থেকে গ্রেফতার করে র্যাব। পুলিশ কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন বলেন, ঈদের ছুটি শেষ করে ঠাকুরগাঁও থেকে দুই বোন ঢাকার মোহাম্মদপুরের নূরজাহান রোডের বাসার সামনে নামতেই চাপাতি ধরে তাদের কাছে থাকা মোবাইল, স্বর্ণ, টাকা ও লাগেজ নিয়ে পালিয়ে যায় ছিনতাইকারীরা। এই ঘটনার সিসিটিভি ফুটেজ বিভিন্ন যোগাযোগমাধ্যম ও গণমাধ্যমে প্রকাশিত হলে পুলিশ কাজ শুরু করে।

(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## বাজেটের দর্শন অর্থনীতির গণতন্ত্রীকরণ, অগ্রাধিকার পাবে দরিদ্র জনগোষ্ঠী

অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, বড় বাজেট দেওয়া সহজ, দেশের ভঙ্গুর অর্থনীতিকে স্থিতিশীলতা ও সমৃদ্ধির পথে ফিরিয়ে আনতে এবারের বাজেটের মূল দর্শন হচ্ছে 'অর্থনীতির গণতন্ত্রীকরণ' বা ডেমোক্রেটাইজেশন অব ইকোনমি। অর্থনৈতিক কর্মকাণ্ডের সুফল সমাজের সব শ্রেণি-পেশার মানুষের কাছে পৌঁছে দেওয়া, দরিদ্র ও নিম্ন আয়ের জনগোষ্ঠীকে সরাসরি সহায়তা দেওয়া এবারের বাজেটের লক্ষ্য। কৃষক ও সৃজনশীল অর্থনীতির সঙ্গে যুক্ত মানুষদের ক্ষমতায়ন করা এবং বেসরকারি খাতের জন্য নিয়ন্ত্রণমুক্ত পরিবেশ তৈরি করাকেও বাজেটের প্রধান লক্ষ্য হিসেবে উল্লেখ করেন অর্থমন্ত্রী। মঙ্গলবার (২ জুন) ইকোনমিক রিপোর্টার্স ফোরাম (ইআরএফ) আয়োজিত 'বাজেট ২০২৬-২৭: প্রত্যাশা ও বাস্তবায়ন' বিষয়ক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ তথ্য জানান।

(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## অপরাধ ও অনুপ্রবেশের ক্ষেত্রে হত্যাকে 'বর্ডার কিলিং' বলা ঠিক হবে না

সীমান্তে অপরাধে জড়িত ও অনুপ্রবেশের ক্ষেত্রে হত্যাকে 'বর্ডার কিলিং' বলা ঠিক হবে না বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। মঙ্গলবার (২ জুন) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ সংক্রান্ত প্রশ্নের জবাবে তিনি এমন মন্তব্য করেন। আগামী বিএসএফ ও বিজিবির ডিজি পর্যায়ের বৈঠকে কোন কোন বিষয়গুলো আপনারা তুলে ধরবেন—জানতে চাইলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ডিজি পর্যায়ের যে মিটিংটা হবে, সেটা আমাদের সবসময়ের রেগুলার ফাংশন, প্রতিবছরই হয়। একবার এই সাইডে হয়, আরেকবার ওই সাইডে হয়। 'এক্ষেত্রে বর্ডারের ইস্যুগুলো এড্রেস করা হবে, উভয় পক্ষের কি কি সমস্যা আছে এবং সমস্যাগুলো কীভাবে হয় সেসব বিষয়ে কথা হবে। সংশ্লিষ্ট সব বিষয় উত্থাপিত হবে।' সীমান্তে বাংলাদেশি হত্যার বিষয়ে জানতে চাইলে তিনি সাংবাদিকদের বলেন, আপনারা যেটাকে বর্ডার কিলিং (সীমান্ত হত্যা) বলছেন, সে সম্পর্কে যদি বিস্তারিত জানেন তাহলে খুশি হবো। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, যদি অন্য দেশের বাহিনী কর্তৃক আমাদের সীমান্তে অথবা জিরো লাইনে এসে কিলিং করে, সেটাকে আমরা বর্ডার কিলিং বলতে পারি। কিন্তু যদি আমাদের সীমানার অভ্যন্তরে এবং তাদের সীমানার অভ্যন্তরে কোনো রকমের কোনো অপরাধে কেউ জড়িত থাকে, যদি কেউ ইললিগ্যাল ট্রেসপাস (অনুপ্রবেশ) করে যায়, সেটা তারা (সীমান্তরক্ষী বাহিনী) কীভাবে অ্যাড্রেস করবে তা তাদের দেশীয় আইনের ওপর নির্ভর করে। এটাকে বর্ডার কিলিং বলা ঠিক হবে না।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## হাম উপসর্গে আরও ৬ জনের মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় সন্দেহজনক হাম রোগে আক্রান্ত হয়ে ছয়জন মারা গেছেন। তবে এসময়ে নিশ্চিত হাম রোগে কারও মৃত্যুর তথ্য নেই। এ নিয়ে গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হাম ও হামের উপসর্গ নিয়ে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৫৯৪ জনে। মঙ্গলবার (২ জুন) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। গতকাল সোমবার সকাল ৮টা থেকে আজ মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত দেশের হাম-সংক্রান্ত পরিস্থিতির বিষয়ে প্রতিবেদনে জানানো হয়, এ সময়ে নিশ্চিত হামে কেউ মারা না গেলেও হামের উপসর্গ নিয়ে ছয়জন মারা গেছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে ৯০ জনের প্রাণ গেছে। একই সময়ে সন্দেহভাজন হামে প্রাণহানির সংখ্যা ৫০৪ জন। এছাড়া, ১৫ মার্চের পর থেকে এখন পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে ৯ হাজার ১৩৬ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ৭৩ হাজার ৩৬২। উল্লেখিত সময়ে হাম সন্দেহে হাসপাতালে ভর্তি করা হয়েছে ৫৯ হাজার ১০৬ জনকে এবং সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ৫৪ হাজার ৮১২ জন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের ৬৮ নেতাকর্মী গ্রেফতার

চট্টগ্রাম মহানগরে বিশেষ অভিযান চালিয়ে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ ও তাদের সহযোগী সংগঠনের ৬৮ নেতাকর্মীকে গ্রেফতার করেছে পুলিশ। মঙ্গলবার (২ জুন) চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ (সিএমপি) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়। সিএমপির ভাষ্য, গত ২৪ ঘণ্টায় মহানগরের বিভিন্ন থানায় পরিচালিত অভিযানে মিছিল, নাশকতামূলক কর্মকাণ্ড ও রাষ্ট্রবিরোধী কার্যকলাপের অভিযোগে তাদের গ্রেফতার করা হয়েছে। পুলিশের দেওয়া তথ্য অনুযায়ী, সবচেয়ে বেশি ১৩ জনকে গ্রেফতার করা হয়েছে খুলশী থানা এলাকায়। এছাড়া বায়েজিদ বোস্তামী থানা থেকে ১২ জন, কোতোয়ালি থানা থেকে ১২ জন, পাঁচলাইশ থানা থেকে ১০ জন এবং ডবলমুরিং থানা থেকে সাতজনকে গ্রেফতার করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## পররাষ্ট্রমন্ত্রীকে অভিনন্দন প্রধানমন্ত্রীর

জাতিসংঘ সাধারণ পরিষদের (ইউএনজিএ) ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হওয়ায় পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। মঙ্গলবার (২ মে) রাতে এক অভিনন্দন বার্তায় প্রধানমন্ত্রী বলেন, খলিলুর রহমানের এ অর্জন আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের ক্রমবর্ধমান অবদান, গ্রহণযোগ্যতা ও মর্যাদার প্রতিফলন। এটি বৈশ্বিক পরিসরে বাংলাদেশের অবস্থানকে আরও সুদৃঢ় করবে বলে তিনি আশা প্রকাশ করেন। প্রধানমন্ত্রী বলেন, বহুপক্ষীয় বিভিন্ন ইস্যু এবং অভিন্ন বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় সংযোগ, সংলাপ ও সহযোগিতা জোরদারে খলিলুর রহমান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন। একই সঙ্গে তিনি গর্বের সঙ্গে বাংলাদেশের প্রতিনিধিত্ব করবেন বলেও প্রধানমন্ত্রী প্রত্যাশা ব্যক্ত করেন।বার্তায় জাতিসংঘের এ গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনে পররাষ্ট্রমন্ত্রীর সর্বাত্মক সাফল্য কামনা করেন প্রধানমন্ত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## ৩ মাস ধরে অচল থাকা কমিশন সচলে উদ্যোগ নিয়েছে সরকার

টানা তিন মাস কমিশনশূন্য থাকার পর দুর্নীতি দমন কমিশনে (দুদক) নতুন কমিশন গঠনের উদ্যোগ নিয়েছে সরকার। কমিশনার নিয়োগের জন্য সুপারিশ দিতে আইন অনুযায়ী যে বাছাই (সার্চ) কমিটি গঠন করতে হয়, সেই প্রক্রিয়া শুরু হয়েছে। এ লক্ষ্যে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগের একজন করে বিচারক মনোনয়নের জন্য প্রধান বিচারপতির কাছে চিঠি পাঠিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ। এছাড়া চিঠি পাঠানো হয়েছে সরকারি কর্মকমিশনে (পিএসসি)।

দুদক সূত্রে এসব তথ্য জানা যায়। গত ৩ মার্চ দুদক চেয়ারম্যান ড. মোহাম্মদ আবদুল মোমেন এবং দুই কমিশনার মিঞা মুহাম্মদ আলি আকবার আজিজী ও ব্রিগেডিয়ার জেনারেল (অব.) হাফিজ আহসান ফরিদ পদত্যাগ করেন। মন্ত্রিপরিষদ বিভাগের জেলা ম্যাজিস্ট্রেসি নীতি শাখা থেকে সম্প্রতি পাঠানো এক চিঠিতে এ তথ্য জানা গেছে। সিনিয়র সহকারী সচিব মো. আরিফুল হক মৃদুল স্বাক্ষরিত চিঠিটি সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেলের কাছে পাঠানো হয়। চিঠিতে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## এআই ফাঁকি দিতে নম্বরপ্লেট ঢেকে চলাচল, শেষ রক্ষা হলো না যুবকের

রাজধানীর এআইভিত্তিক স্বয়ংক্রিয় ট্রাফিক সিগ্যনালে নজরদারি ব্যবস্থা ফাঁকি দিতে মোটরসাইকেলের নম্বরপ্লেটের তিনটি ডিজিট ঢেকে চলাচল করে সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছিলেন এক যুবক। এ ঘটনায় অভিযুক্তকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। এ ঘটনায় অভিযুক্ত ওই যুবকের ছবি ও ভিডিওর সূত্র ধরে তাকে গ্রেফতার করে পুলিশ। পরে ভ্রাম্যমাণ আদালতে তিনি দোষ স্বীকার করলে এক মাসের কারাদণ্ড ও অর্থদণ্ড দেওয়া হয়েছে বলে জানিয়েছেন ডিএমপির অতিরিক্ত কমিশনার (ট্রাফিক) আনিছুর রহমান। মঙ্গলবার (২ জুন) রাজধানীর মিন্টো রোডে ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান ডিএমপির অতিরিক্ত কমিশনার (ট্রাফিক) আনিছুর রহমান। তিনি বলেন, গত ১৯ মে এক মোটরসাইকেলচালক নম্বরপ্লেটের তিনটি ডিজিট ঢেকে রাজধানীর সড়কে চলাচল করেন। পরে সেই ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে এবং বিভিন্ন গণমাধ্যমেও প্রকাশিত হয়। ২১ মে বিষয়টি ডিএমপির নজরে আসে। বিষয়টি সামনে আসার পর পুলিশের মধ্যে উদ্বেগ তৈরি হয়। কারণ, এ ধরনের প্রতারণামূলক কৌশল ছড়িয়ে পড়লে অন্যরাও তা অনুসরণ করতে পারেন। তাই বিষয়টিকে গুরুত্ব দিয়ে তদন্ত শুরু হয়। তিনি বলেন, ছবিতে চালকের মুখ স্পষ্ট দেখা না যাওয়ায় তাকে শনাক্ত করা সহজ ছিল না। ফলে তদন্তকারীদের জন্য কাজটি ছিল বেশ চ্যালেঞ্জিং। রাজধানীর বিভিন্ন স্থানের সিসিটিভি ফুটেজ সংগ্রহ ও বিশ্লেষণ করে একই ধরনের মোটরসাইকেল খুঁজে বের করা হয়। পাশাপাশি আংশিক দৃশ্যমান নম্বরপ্লেটের তথ্যের সঙ্গে বিভিন্ন মোটরসাইকেলের নম্বর মিলিয়ে দেখা হয়। পরে সিটিটিসির সহায়তায় রাজধানীর বিভিন্ন এলাকার সিসিটিভি ফুটেজ বিশ্লেষণ, মোটরসাইকেলের ধরন ও নম্বরপ্লেট মিলিয়ে দীর্ঘ অনুসন্ধানের পর গতকাল অভিযুক্ত ব্যক্তিকে শনাক্ত করা হয়। তার নাম লাভলু হক। তিনি রাজধানীর লালবাগ এলাকার বাসিন্দা।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## পুলিশ হেফাজতে থাকা আসামির কথা বলা ও প্রচার না করার নির্দেশ

রাজধানীর পল্লবীতে আট বছরের শিশু রামিসা আক্তারকে ধর্ষণ ও হত্যার ঘটনায় দায়ের করা মামলায় পুলিশ হেফাজতে থাকা আসামিদের বক্তব্য প্রচারের বিষয়ে সতর্কতামূলক নির্দেশনা দিয়েছেন আদালত। মঙ্গলবার (২ জুন) ঢাকা মহানগর শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনালের বিচারক মাসরুর সালেকীনের আদালত রাষ্ট্রপক্ষের আবেদনের পর এ নির্দেশনা দেন। আদালতে রাষ্ট্রপক্ষের বিশেষ পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট আজিজুর রহমান দুলু বলেন, আইন অনুযায়ী কোনো আসামি বিচারকের সামনে ছাড়া পুলিশ হেফাজতে থাকাকালে বক্তব্য দেওয়ার অধিকার রাখেন না। এ বিষয়ে উচ্চ আদালতের সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। তিনি আদালতের কাছে আবেদন করেন, বিচারপ্রক্রিয়া প্রভাবিত হতে পারে এমন কোনো পরিস্থিতি এড়াতে পুলিশ হেফাজতে থাকা আসামিদের বক্তব্য প্রদান ও তা গণমাধ্যমে প্রচার বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হোক। আবেদন শুনে আদালত তা মঞ্জুর করেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশ দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## খোঁজ রাখেন না যুগ্ম সচিব-বুয়েটের শিক্ষক ছেলে, ঘরে মায়ের পচা-গলা মরদেহ

রাজধানীর মিরপুর ১১ নম্বরের একটি বাসায় বসবাস করতেন ৭৫ বছর বয়সী নুরজাহান বেগম ও তার স্কুলশিক্ষিকা মেয়ে। গত রোববার (৩১ মে) জাতীয় জরুরি সেবা নম্বর ৯৯৯–এ ফোন পেয়ে বৃদ্ধা ওই মায়ের পচা-গলা-পোকা ধরা মরদেহ উদ্ধার করে পুলিশ। তবে মায়ের সঙ্গে একই বাসায় পাশাপাশি রুমে বসবাস করলেও মৃত্যুর বিষয়টি আইনশৃঙ্খলা বাহিনীকে অবগত করেননি মেয়ে। পুলিশ বলছে, ওই বৃদ্ধা নারী তিন সন্তানের জননি। বড় ছেলে সরকারের একজন যুগ্ম সচিব। অন্য আরেক সন্তান বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষক এবং মেয়ে স্কুলের শিক্ষিকা। নুরজাহান বেগমের দুই ছেলে আলাদা থাকতেন। মায়ের সঙ্গে কোনো যোগাযোগ ছিল না তাদের। তবে মায়ের পাশের কক্ষে বসবাস করা মেয়ে মানসিকভাবে বিপর্যস্ত ছিল বলে ধারণা করছে পুলিশ। ওই বৃদ্ধার স্বামী ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ছিলেন। মঙ্গলবার (২ জুন) পল্লবী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. হাসান বাসির জাগো নিউজকে এ তথ্য জানান। গত রোববার ওই বৃদ্ধার দেখাশোনার দায়িত্বরত নার্স জাতীয় জরুরি সেবা ৯৯৯–এ ফোন দিলে ঘটনাস্থলে গিয়ে পুলিশ পচা-গলা-পোকা ধরা মরদেহটি উদ্ধার করে। ঘটনাস্থলে গিয়ে পুলিশ দেখতে পায়, পুরো বাসাটি ছিল নোংরা, অগোছালো, দুর্গন্ধযুক্ত ও ডাস্টবিনের নোংরা ছড়ানো ছিটানো।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## ইসলামী ব্যাংকের সামনে ফের গ্রাহকদের অবস্থান, সতর্ক আইনশৃঙ্খলা বাহিনী

ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসির নবনিযুক্ত চেয়ারম্যান খুরশীদ আলমের নিয়োগ বাতিল এবং সাবেক ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ওমর ফারুক খানকে পুনর্বহালের দাবিতে আবারও আন্দোলনে নেমেছেন ব্যাংকটির গ্রাহকরা। মঙ্গলবার (২ জুন) সকাল ৯টা থেকে রাজধানীর মতিঝিলে ইসলামী ব্যাংক টাওয়ারের সামনে 'সচেতন গ্রাহক ফোরাম'-এর ব্যানারে অবস্থান কর্মসূচি পালন করছেন তারা। কর্মসূচিকে ঘিরে এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা সতর্ক অবস্থানে রয়েছেন। পাশাপাশি যে কোনো পরিস্থিতি মোকাবিলায় জলকামান ও সাজোয়া যান প্রস্তুত রাখা হয়েছে। আন্দোলনকারীদের দাবি, ইসলামী ব্যাংকের পরিচালনা পর্ষদে সাম্প্রতিক পরিবর্তন এবং নতুন চেয়ারম্যানের নিয়োগ নিয়ে গ্রাহকদের মধ্যে উদ্বেগ সৃষ্টি হয়েছে। তারা নিয়োগ বাতিল, ব্যাংকের পরিচালনায় স্বচ্ছতা নিশ্চিত এবং সাবেক এমডি ওমর ফারুক খানকে পুনর্বহালের দাবি জানাচ্ছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## আরও দুই মামলায় হাইকোর্টে ব্যারিস্টার সুমনের জামিন আবেদন

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় সহিংসতার ঘটনায় হবিগঞ্জে দায়ের করা দুই মামলায় হাইকোর্টে জামিন আবেদন করেছেন সুপ্রিম কোর্টের আইনজীবী ব্যারিস্টার সৈয়দ সায়েদুল হক সুমন। জামিন সংক্রান্ত বিষয়ে হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় তার আইনজীবী এ আবেদন করেন। জামিন আবেদনের ওপর মঙ্গলবার (২ জুন) হাইকোর্টের বিচারপতি মো. খায়রুল আলম ও বিচারপতি শেখ আবু তাহেরের বেঞ্চে শুনানি হতে পারে বলে জানিয়েছেন তার আইনজীবী। এর আগে গত ১১ মে রাজধানীর মিরপুর থানায় করা মামলায় ব্যারিস্টার সৈয়দ সায়েদুল হক সুমনকে হাইকোর্টের দেওয়া জামিন বহাল রাখেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। একইসঙ্গে রুল নিষ্পত্তি করতে বলেন। আপিল বিভাগের বিচারপতি মো. আশফাকুল ইসলামের নেতৃত্বাধীন বেঞ্চ এ আদেশ দেন। আদালতে জামিন আবেদনের পক্ষে ছিলেন আইনজীবী এম লিটন আহমেদ। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## ফরিদপুরে ট্রাকের পেছনে প্রাইভেটকারের ধাক্কা: নিহত বেড়ে ৫

ফরিদপুরের ভাঙ্গায় ঢাকা-ভাঙ্গা মহাসড়কে দাঁড়িয়ে থাকা গ্যাস সিলিন্ডার ভর্তি একটি ট্রাকের পেছনে প্রাইভেটকারের ধাক্কায় আরও এক কিশোরের মৃত্যু হয়েছে। এতে এ ঘটনায় নিহতের সংখ্যা বেড়ে দাঁড়ালো ৫ জন। এ ঘটনায় ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে আশরাফুল হোসেন (৮) ও তাসফিয়া (৩) নামে দুই শিশু ভর্তি রয়েছে। সোমবার (১ জুন) দিনগত রাত পৌনে ৪টার দিকে উপজেলার মালিগ্রাম এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতদের মধ্যে তিন জন পুরুষ ও দুইজন নারী। তাদের সবার বাড়ি যশোরের ঝিকরগাছায় বলে জানা গেছে। তবে তাৎক্ষণিকভাবে হতাহতদের নাম-পরিচয় জানা যায়নি। পুলিশ ও ফায়ার সার্ভিস সূত্রে জানা যায়, ঢাকা থেকে যশোরগামী একটি প্রাইভেটকার নিয়ন্ত্রণ হারিয়ে ভাঙ্গা উপজেলার মালিগ্রাম এলাকায় মহাসড়কের পাশে দাঁড়িয়ে থাকা গ্যাস সিলিন্ডার ভর্তি একটি ট্রাকের পেছনে সজোরে ধাক্কা দেয়। এতে প্রাইভেটকারে থাকা চালকসহ দুই পুরুষ ও দুই নারী ঘটনাস্থলেই নিহত হন। এছাড়া আহত হন আরও তিনজন। পরে সকালের দিকে চিকিৎসাধীন অবস্থায় ১৬ বছরের অজ্ঞাত এক কিশোরের মৃত্যু হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## কনটেন্ট ক্রিয়েটরদের ৭.৫% ভ্যাট দিতে হবে না, জুয়েল রানাকে প্রধানমন্ত্রী

ফ্রিল্যান্সার ও কনটেন্ট ক্রিয়েটরদের আয়ের ওপর সাড়ে সাত শতাংশ ভ্যাট বা কর আরোপ করা হচ্ছে না। প্রধানমন্ত্রী তারেক রহমান এই কথা জানিয়েছেন জনপ্রিয় কনটেন্ট ক্রিয়েটর চিত্ত মিডিয়ার জুয়েল রানাকে। সোমবার (১ জুন) সচিবালয়ে জুয়েল রানাকে ডেকে নিয়ে কথা বলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। কৃষি ও প্রকৃতিকে উপজীব্য করে নিয়মিত ভিডিও বানান জুয়েল রানা। ভিডিওর সঙ্গে যুক্ত করেন মানুষ ও সাহিত্য। গত বছরের ৪ ফেব্রুয়ারি চালুর পর ফেসবুকে তার পেজ 'চিত্ত মিডিয়া'র ফলোয়ার এখন ৪৩ লাখের বেশি। প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের পর জুয়েল রানার সাক্ষাৎকার নিয়েছে দৈনিক যুগান্তর। সেই সাক্ষাৎকারের শেষ দিকে জুয়েল রানা বলেন, তিনি প্রধানমন্ত্রীর কাছে জানতে চান, ফ্রিল্যান্সার ও কনটেন্ট ক্রিয়েটরদের ওপর সাড়ে ৭ শতাংশ ভ্যাট আরোপের বিষয়টি কতটা সত্য। জুয়েল রানার দাবি, বিষয়টি শোনার পর প্রধানমন্ত্রী সংশ্লিষ্ট কর্মকর্তাদের ডেকে তাৎক্ষণিকভাবে খোঁজ নেওয়ার নির্দেশ দেন এবং এই ধরনের কোনো কর আরোপ করা হবে না বলে জুয়েল রানাকে নিশ্চিন্তে থাকতে বলেন। জুয়েল রানা বলেন, প্রধানমন্ত্রী তাকে বলেন এরকম কিছু হইতে দেওয়া যাবে না। আমি চাই যে ইয়াংরা ডিজিটাল মার্কেটিংয়ে যাক, তারা বৈদেশিক বিভিন্ন কাজে ইনভলব থাকুক, তারা বাইরের অর্থ দেশে নিয়ে আসছে, দ্যাটস এনাফ।

(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## বিআইডব্লিউটিএ'র নতুন চেয়ারম্যান মুহিদুল ইসলাম

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষের (বিআইডব্লিউটিএ) নতুন চেয়ারম্যান নিয়োগ পেয়েছেন নৌপরিবহন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. মুহিদুল ইসলাম। এই নিয়োগ দিয়ে তার চাকরি নৌপরিবহন মন্ত্রণালয়ে ন্যস্ত করে মঙ্গলবার (২ জুন) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। বর্তমানে বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যানের

দায়িত্বে রয়েছেন রিয়ার এডমিরাল আরিফ আহমেদ মোস্তফা। তাকে নৌবাহিনীতে ফিরিয়ে নেওয়া হচ্ছে বলে জানা গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## প্রবাসী কার্ড হলে বিএমইটি কার্ড থাকবে না: প্রবাসী কল্যাণ মন্ত্রী

প্রবাসী কার্ড চালু হলে আলাদা করে বিএমইটি (জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীনে বিদেশগমনেচ্ছু কর্মীদের বাধ্যতামূলক নিবন্ধন কার্ড) কার্ডের প্রয়োজন হবে না। একটি কার্ডের মাধ্যমেই প্রবাসীরা যেন সব ধরনের সুবিধা ভোগ করতে পারেন, সে লক্ষ্যে কাজ করছে সরকার বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী। মঙ্গলবার (২ জুন) প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত এক ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। এ সময় প্রবাসী কল্যাণ প্রতিমন্ত্রী নুরুল হক ও মন্ত্রণালয়ের সচিব মোখতার হোসেনও উপস্থিত ছিলেন। মন্ত্রী বলেন, ‘আমরা কী কী সুবিধা দেবো, তা এখনো চূড়ান্ত করিনি। তবে কারেন্সি-সংক্রান্ত সুবিধা কীভাবে দেওয়া যায়, সহজে রেমিট্যান্স পাঠানোর ক্ষেত্রে কী ধরনের সুবিধা দেওয়া সম্ভব, ব্যাংকিং পেমেন্ট গেটওয়ে কীভাবে হবে-এসব বিষয় নিয়ে কাজ চলছে। এছাড়া এই কার্ডের সঙ্গে ডিজিটাল পরিচয়পত্র ও ট্র্যাকিং ব্যবস্থাও যুক্ত থাকবে।’ (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## প্রতিরক্ষা উপদেষ্টার সঙ্গে অস্ট্রেলিয়ান হাইকমিশনারের সাক্ষাৎ

প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলামের সঙ্গে সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত অস্ট্রেলিয়ান হাইকমিশনার সুসান রাইল। মঙ্গলবার (২ জুন) ঢাকা সেনানিবাসে অবস্থিত সশস্ত্র বাহিনী বিভাগের প্রতিরক্ষা উপদেষ্টার কার্যালয়ে তিন সদস্যের প্রতিনিধিদলের এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) জানায়, সাক্ষাৎকালে উভয়পক্ষ পারস্পরিক শুভেচ্ছা বিনিময় করেন। এ সময় বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার বিদ্যমান দ্বিপাক্ষিক সম্পর্ক, বিশেষ করে প্রতিরক্ষা সহযোগিতা আরও জোরদারকরণ, পারস্পরিক অভিজ্ঞতা বিনিময় এবং সামরিক ক্ষেত্রে ভবিষ্যৎ সহযোগিতার সম্ভাব্য দিকগুলো নিয়ে ফলপ্রসূ আলোচনা হয়। উভয় পক্ষই দুই দেশের দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে আরও সুদৃঢ়, গভীর ও বহুমাত্রিক করার ওপর গুরুত্বারোপ করেন। আলোচনায় দুই দেশের মধ্যে প্রতিরক্ষা ও নিরাপত্তা সহযোগিতা বৃদ্ধির পাশাপাশি প্রশিক্ষণ, সক্ষমতা উন্নয়ন, পেশাগত দক্ষতা বৃদ্ধি এবং পারস্পরিক যোগাযোগ আরও সম্প্রসারণের বিষয়েও মতবিনিময় হয়। উভয় পক্ষ আঞ্চলিক ও বৈশ্বিক শান্তি, স্থিতিশীলতা ও নিরাপত্তা রক্ষায় গঠনমূলক সহযোগিতা অব্যাহত রাখার উপর গুরুত্বারোপ করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## চীনে বিশেষ প্রশিক্ষণে গেছেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৫ কর্মকর্তা

প্রধানমন্ত্রীর কার্যালয়ের (পিএমও) ১৫ জন উর্ধ্বতন কর্মকর্তা চীনের ইউনান প্রদেশের কুনমিংয়ে আয়োজিত এক বিশেষ প্রশিক্ষণ কর্মসূচিতে যোগ দিচ্ছেন। বাংলাদেশে নিযুক্ত চীনা দূতাবাসের সহযোগিতায় আয়োজিত এ প্রশিক্ষণ কর্মসূচি ২ থেকে ৮ জুন পর্যন্ত অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণে অংশ নিতে এরইমধ্যে কর্মকর্তাদের প্রতিনিধি দল চীনে পৌঁছেছেন। কর্মসূচির আওতায় তারা চীনের প্রশাসনিক ব্যবস্থাপনা, সুশাসন, উন্নয়ন পরিকল্পনা, স্থানীয় সরকার কার্যক্রম এবং আধুনিকায়ন প্রক্রিয়া সম্পর্কে সরাসরি অভিজ্ঞতা অর্জন করবেন। পাশাপাশি বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শন ও মতবিনিময় সভায় অংশ নেওয়ার সুযোগ পাবেন তারা। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## প্রবাসীর স্ত্রীর সঙ্গে আপত্তিকর অবস্থায় আটক, সেই যুবদল নেতা বহিষ্কার

চট্টগ্রামের পটিয়ায় প্রবাসীর স্ত্রীর সঙ্গে পরকীয়ার অভিযোগে যুবদল নেতা মিজানুর রহমান কফিলকে দল থেকে বহিষ্কার করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল। তিনি পটিয়া উপজেলা যুবদলের আহ্বায়ক কমিটির সদস্য ছিলেন। সোমবার (১ জুন) রাতে জাতীয়তাবাদী যুবদলের কেন্দ্রীয় নির্বাহী কমিটির এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, ‘নৈতিক স্খলনজনিত অপরাধে জড়িত থাকার সুস্পষ্ট অভিযোগের ভিত্তিতে’ চট্টগ্রাম দক্ষিণ জেলা যুবদলের আওতাধীন পটিয়া উপজেলা যুবদলের আহ্বায়ক কমিটির সদস্য মিজানুর রহমান কফিলকে প্রাথমিক সদস্য পদসহ দল থেকে বহিষ্কার করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে যোগ দিলেন সাবেক উপদেষ্টা ফাওজুল কবির খান

বেসরকারি ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে যোগ দিয়েছেন ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তবর্তী সরকারের উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান। তিনি ক্লাস নেওয়ার পাশাপাশি বিশ্ববিদ্যালয়টির সেন্টার ফর এনার্জি অ্যান্ড লজিস্টিকসের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করবেন। মঙ্গলবার (২ জুন) নিজেই এ তথ্য জানিয়েছেন সাবেক এ উপদেষ্টা। নিজের ফেসবুক আইডিতে দেওয়া এক পোস্টে তিনি এ তথ্য জানান। ফেসবুক পোস্টে ফাওজুল কবির খান লিখেছেন, আলহামদুলিল্লাহ। পূর্বপুরুষের পেশায় আবার ফিরে এসেছি। চট্টগ্রামের ভাষায় একটা প্রবাদ আছে, “হাইল্যার (দিনমজুর) ফোয়া হাইল্যা হয়, জাইল্লার (জেলে) ফোয়া জাইল্লা।” আমার দাদা ছিলেন মাদরাসা শিক্ষক, বাবা কলেজ শিক্ষক। তাই আমিও শিক্ষক হয়েছি। তিনি আরও লেখেন, যুক্তরাষ্ট্র, সিঙ্গাপুর ও বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় মিলিয়ে আমার শিক্ষকতা জীবন ও ১৫ বছরের বেশি। উপদেষ্টা পরিষদে যোগদানের আগে আমি বেসরকারি ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে (ইউআইইউ) পাঠদান করতাম।

(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

## রামিসা হত্যা মামলায় দুই আসামির সংশ্লিষ্টতার প্রমাণ মিলেছে: রাষ্ট্রপক্ষ

রাজধানীর পল্লবীতে আট বছরের শিশুকে ধর্ষণ ও হত্যার ঘটনায় দায়ের করা মামলায় সাক্ষ্য-প্রমাণে দুই আসামির সংশ্লিষ্টতা পাওয়া গেছে বলে দাবি করেছেন রাষ্ট্রপক্ষের আইনজীবীরা। মামলার সাক্ষীদের জবানবন্দি ও উপস্থাপিত তথ্য-উপাত্তে তাদের বিরুদ্ধে অভিযোগের ভিত্তি আরও শক্তিশালী হয়েছে বলে দাবি করেন তারা। মঙ্গলবার (২ জুন) ঢাকা মহানগর শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনালে সাক্ষ্যগ্রহণ কার্যক্রমের বিরতিতে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন রাষ্ট্রপক্ষের বিশেষ পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট আজিজুর রহমান দুলু। অ্যাডভোকেট আজিজুর রহমান দুলু বলেন, আদালতে উপস্থাপিত সাক্ষ্য, আলামত ও জেরার মাধ্যমে মামলার দুই আসামির ঘটনার সঙ্গে সংশ্লিষ্টতার গুরুত্বপূর্ণ প্রমাণ উঠে এসেছে। এসব সাক্ষ্য-প্রমাণ তাদের বিরুদ্ধে আনা অভিযোগকে আরও জোরালো করেছে। রাষ্ট্রপক্ষের বিশেষ পাবলিক প্রসিকিউটর বলেন, ‘আজ মামলার কয়েকজন গুরুত্বপূর্ণ সাক্ষীর সাক্ষ্যগ্রহণ হয়েছে। নিহত রামিসার বাবা-মা, বড় বোন রাইসা আক্তার, শেখ আবুশামা এবং রাজু আদালতে জবানবন্দি দিয়েছেন। তাদের সাক্ষ্য ও জেরার বিভিন্ন পর্যায়ে মামলার গুরুত্বপূর্ণ অপরাধসংশ্লিষ্ট (ইনক্রিমিনেটিং) তথ্য-প্রমাণ ট্রাইব্যুনালের সামনে উঠে এসেছে। এসব সাক্ষ্য-প্রমাণ দুই আসামির ঘটনার সঙ্গে সংশ্লিষ্টতার বিষয়টি প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।’ (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৬.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## খলিলুর রহমানকে অভিনন্দন জানালেন প্রধানমন্ত্রী

জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হওয়ায় পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। মঙ্গলবার এক ফেসবুক পোস্টে প্রধানমন্ত্রী বলেন, ‘এই অর্জন বিশ্বমঞ্চে বাংলাদেশের ক্রমবর্ধমান অবদান ও বিশ্বাসযোগ্যতারই প্রতিফলন।’ তিনি আরো বলেন, ‘আমরা বিশ্বাস করি, তিনি গর্বের সঙ্গে বাংলাদেশের প্রতিনিধিত্ব করবেন এবং বহুপক্ষীয় ও অভিন্ন সংকট মোকাবেলায় সংযোগ, সংলাপ ও সহযোগিতা গড়ে তুলবেন। এই নতুন দায়িত্বে আমরা তার সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি।’ উল্লেখ্য, আজ নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে অনুষ্ঠিত নির্বাচনে প্রতিদ্বন্দ্বী সাইপ্রাসের প্রার্থীকে হারিয়ে জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হন ড. খলিলুর রহমান। তিনি জার্মানির সাবেক পররাষ্ট্রমন্ত্রী আনালেনা বেয়ারবকের স্থলাভিষিক্ত হবেন এবং আগামী এক বছর সাধারণ পরিষদের সভাপতির দায়িত্ব পালন করবেন। নির্বাচনে সর্বমোট ১৯০টি দেশ অংশ নেয়। এর মধ্যে খলিলুর রহমান পেয়েছেন ৯৯টি দেশের ভোট। প্রতিদ্বন্দ্বী সাইপ্রাসের আন্দ্রেয়াস এস কাকোরিস পেয়েছেন ৯১টি দেশের সমর্থন। (রেডিও টুডে ওয়েব পেজ:০২.০৬.২০২৬ আসাদ)

## সরকার অবৈধ পুশইন-পুশব্যাকের বিপক্ষে: স্বরাষ্ট্রমন্ত্রী

সীমান্তে যেকোনো ধরনের অবৈধ পুশইন ও পুশব্যাকের বিরোধিতা করছে সরকার বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। মঙ্গলবার  সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা বলেন। ভারতের পশ্চিমবঙ্গে নতুন সরকার ক্ষমতায় আসার পর সীমান্ত দিয়ে পুশইনের অভিযোগ সম্পর্কে জানতে চাইলে মন্ত্রী বলেন, বিষয়টি সরকারের নজরে রয়েছে এবং সীমান্তে বিজিবি সতর্ক অবস্থানে আছে। তিনি বলেন, কোনো ব্যক্তি যদি প্রকৃতপক্ষে বাংলাদেশের নাগরিক হন এবং অন্য দেশে অবস্থান করেন, তাহলে সংশ্লিষ্ট দেশের কেন্দ্রীয় সরকার আনুষ্ঠানিকভাবে তালিকা পাঠিয়ে পরিচয় যাচাইয়ের প্রক্রিয়া সম্পন্ন করতে পারে। সে ক্ষেত্রে আন্তর্জাতিক ও আইনগত নিয়ম মেনে প্রত্যাবাসনের ব্যবস্থা নেওয়া হবে। তবে বর্তমানে এ ধরনের কোনো আনুষ্ঠানিক আবেদন সরকারের কাছে ঝুলে নেই বলেও জানান তিনি। চট্টগ্রামের জঙ্গল সলিমপুর এলাকায় সন্ত্রাসবিরোধী অভিযানের বিষয়ে প্রশ্ন করা হলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, নিরাপত্তাজনিত কারণে অভিযানের বিস্তারিত পরিকল্পনা এখনই প্রকাশ করা হবে না। কারণ আগাম তথ্য ফাঁস হলে আইনশৃঙ্খলা বাহিনীর অভিযান ব্যাহত হতে পারে। তবে তিনি স্পষ্ট করে বলেন, জঙ্গল সলিমপুরে কোনো সন্ত্রাসী চক্রের আস্তানা থাকতে দেওয়া হবে না। তিনি আরও জানান, দীর্ঘদিন ধরে সরকারি খাসজমিতে বসবাসরত সাধারণ মানুষকে আপাতত উচ্ছেদ করার কোনো পরিকল্পনা নেই। ভবিষ্যতে সেখানে সরকারি স্থাপনা নির্মাণের প্রয়োজন হলে পরিস্থিতি অনুযায়ী তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০২.০৬.২০২৬ আসাদ)

## ডেঙ্গু পরীক্ষায় ৮০ শতাংশ ছাড়ের আহ্বান স্বাস্থ্যমন্ত্রীর

বেসরকারি হাসপাতালে ডেঙ্গু রোগীদের চিকিৎসার খরচ কমাতে বিভিন্ন পরীক্ষায় ৮০ শতাংশ ছাড় দেওয়ার আহ্বান জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। মঙ্গলবার দুপুরে সচিবালয়ে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ডেঙ্গু প্রতিরোধ, চিকিৎসা ও গাইডলাইন বিষয়ক এক সভা শেষে সাংবাদিকদেরকে তিনি এ কথা জানান। ডেঙ্গু আক্রান্ত রোগীদের চিকিৎসা ব্যয় কমাতে বেসরকারি হাসপাতালগুলোকে বিশেষ উদ্যোগ নেওয়ার আহ্বান জানিয়েছেন তিনি। স্বাস্থ্যমন্ত্রী বলেন, ডেঙ্গু রোগীদের চিকিৎসা ব্যয় কমানোর বিষয়ে বেসরকারি হাসপাতালগুলোর সঙ্গে আলোচনা হয়েছে। তিনি বলেন, ডেঙ্গু রোগীদের বিভিন্ন পরীক্ষার খরচে ৮০ শতাংশ

পর্যন্ত ছাড় দিতে হবে। কোনো রোগীর পরীক্ষার খরচ ১০ হাজার টাকা হলে তার মধ্যে ৮ হাজার টাকা পর্যন্ত ছাড় দেওয়ার বিষয়টি বিবেচনায় নেওয়া হচ্ছে। তবে হেমোরেজিক ডেঙ্গুসহ জটিল রোগীদের চিকিৎসা চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী নির্ধারণ করা হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০২.০৬.২০২৬ আসাদ)

## বিদেশে কর্মী পাঠাতে কোনো সিন্ডিকেট চলবে না: আরিফুল হক

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক বলেছেন, বিদেশে কর্মী পাঠানোর ক্ষেত্রে কোনো ধরনের সিন্ডিকেট বা দুর্নীতির সুযোগ থাকবে না। জনশক্তি রপ্তানি খাতে অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে সরকার 'জিরো টলারেন্স' নীতি অনুসরণ করবে। আজ মঙ্গলবার প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত এক ব্রিফিংয়ে তিনি একথা বলেন। এসময় প্রবাসী কল্যাণ প্রতিমন্ত্রী নুরুল হক ও সচিব মোখতার হোসেন উপস্থিত ছিলেন। তিনি বলেন, আমি প্রথম দিন থেকেই বলে আসছি, কোনো ধরনের সিন্ডিকেটের সুযোগ থাকবে না। এ বিষয়ে সরকারের অবস্থান অত্যন্ত কঠোর। মন্ত্রী বলেন, প্রবাসী কার্ড হলে এখানে আর বিএমইটি কার্ড থাকবে না। একটা কার্ড দিয়ে প্রবাসীরা যেন, সব ফ্যাসিলিটি এনজয় করতে পারে সেই লক্ষ্যে আমরা কাজ করছি। কারণ এত কার্ড দিয়ে কি করবে। রাশিয়ায় মানবপাচার এবং কিছু রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে ওঠা অভিযোগের বিষয়ে মন্ত্রী বলেন, অভিযোগ তদন্তে একটি কমিটি গঠন করা হয়েছে। সংশ্লিষ্ট নথিপত্র যাচাই-বাছাই করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। তিনি বলেন, কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে অনিয়মের প্রমাণ পাওয়া গেলে কাউকেই ছাড় দেওয়া হবে না। বিদেশে বাংলাদেশের দূতাবাসের অনুমোদন ছাড়া কোনো কাগজপত্র বা কার্ড ইস্যুর ঘটনা ঘটেছে কি না, সেটিও তদন্ত করা হবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:০২.০৬.২০২৬ আসাদ)

## ভাঙ্গায় দাঁড়িয়ে থাকা ট্রাকে প্রাইভেটকারের ধাক্কা, নিহত ৪

ফরিদপুরে ঢাকা-ভাঙ্গা এক্সপ্রেসওয়েতে গ্যাসের সিলিন্ডার ভর্তি ট্রাকের পেছনে প্রাইভেটকারের ধাক্কায় চালকসহ চারজন নিহত হয়েছেন। মঙ্গলবার ভোর পৌনে ৪টার দিকে ভাঙ্গা উপজেলার মালিগ্রাম এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলো যশোর জেলার ঝিকরগাছা উপজেলার উজ্জলপুর গ্রামের শহিদুল ইসলামের স্ত্রী নুরজাহান (৫০), ইলিয়াস হোসেনের স্ত্রী আয়শা বেগম (২৮), শহীদুল ইসলামের ছেলে আরিফ ইসলাম (২৪), রাকিব (১৮) ও অজ্ঞাত চালক(২৫)। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, মঙ্গলবার ভোর ৩টা ৪৫ মিনিটের দিকে এক্সপ্রেসওয়ের ভাঙ্গামুখী একটি প্রাইভেটকার নিয়ন্ত্রণ হারিয়ে সামনে থাকা একটি গ্যাসের সিলিন্ডার ভর্তি ট্রাকের পেছনে সজোরে ধাক্কা দেয়। এতে প্রাইভেটকারটি দুমড়ে-মুচড়ে যায় এবং প্রাইভেটকারে থাকা চালকসহ ছয়জন যাত্রী গুরুতর আহত হন। খবর পেয়ে হাইওয়ে পুলিশ ও ফায়ার সার্ভিসের সদস্যরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আহতদের উদ্ধার করে ভাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক প্রাইভেটকারের চালক ও তিন যাত্রীসহ মোট চারজনকে মৃত ঘোষণা করেন। নিহতদের মধ্যে দুইজন পুরুষ ও দুইজন নারী রয়েছেন। শিবচর হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মিজানুর রহমান বলেন, দুর্ঘটনাকবলিত প্রাইভেটকার ও ট্রাকটি পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে। এ ঘটনায় পরবর্তী আইনি প্রক্রিয়া চলমান। (রেডিও টুডে ওয়েব পেজ:০২.০৬.২০২৬ আসাদ)

## চীন সফরে গেলেন প্রধানমন্ত্রী কার্যালয়ের প্রতিনিধিদল

চীন সফরে গেলেন প্রধানমন্ত্রী কার্যালয়ের জ্যেষ্ঠ কর্মকর্তাদের একটি প্রতিনিধিদল। ১৫ সদস্যের এই প্রতিনিধি দলটি আজ মঙ্গলবার বেলা ২টায় চায়না ইস্টার্ন এয়ারলাইন্সের একটি ফ্লাইটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ত্যাগ করেছেন। প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন জানান, চীন সরকার ও ঢাকায় চীনা দূতাবাসের সহযোগিতায় এক প্রশিক্ষণে অংশ নিতে প্রতিনিধি দলটি এই সফরে গিয়েছেন। তিনি জানান, এই প্রশিক্ষণ হবে চীনের ইউনান প্রদেশের কুনমিংয়ে এবং তা চলবে ৮ জুন পর্যন্ত। প্রতিনিধি দলে রয়েছেন, প্রধানমন্ত্রী কার্যালয়ের এনজিও বিষয়ক ব্যুরোর মহাপরিচালক ড. মোহাম্মদ জকরিয়া, প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন, প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১ মোহাম্মদ মামুন শিবলী, প্রধানমন্ত্রীর একান্ত সচিব-২ মেহেদুল ইসলাম, প্রধানমন্ত্রী কার্যালয়ের পরিচালক মনিরুল ইসলাম পাটোয়ারি, আনোয়ার উল হালিম, মোহাম্মদ নাসির উদ্দিন সরোয়ার, মো. মাহবুবুর রহমান, প্রধানমন্ত্রীর প্রটোকল অফিসার-১ মো. উজ্জ্বল হোসেন, প্রধানমন্ত্রীর অ্যাসাইনমেন্ট অফিসার-২ এসএম পারভেজ, প্রধানমন্ত্রীর গবেষণা কর্মকর্তা আবদুস সাত্তার পাটোয়ারি ও প্রধানমন্ত্রীর উপদেষ্টা ইসমাইল জবিহউল্লাহর একান্ত সচিব তারিখ হাসান। অন্য কর্মকর্তারা হলেন, জুলিয়া মঈন, জেসমিন আক্তার ও মোহাম্মদ জাব্বার। প্রশিক্ষণে অংশগ্রহণের আগে গতকাল সোমবার ঢাকায় আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে বাংলাদেশে চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বলেন, বাংলাদেশ ও চীনের মধ্যে সাম্প্রতিক সময়ে উচ্চপর্যায়ের যোগাযোগ ও সহযোগিতা আরও জোরদার হয়েছে। এই প্রশিক্ষণ কর্মসূচি দুই দেশের পারস্পরিক সম্পর্ক এবং অভিজ্ঞতা বিনিময়ের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০২.০৬.২০২৬ আসাদ)

## জ্বালানি নিরাপত্তা জোরদারে মন্ত্রিপরিষদ উপ-কমিটি গঠন

দেশের জ্বালানি নিরাপত্তা, এলএনজি আমদানি, ভোলা থেকে গ্যাস পরিবহন, এফএসআরইউ এবং ল্যান্ড-বেইজড এলএনজি টার্মিনাল স্থাপনসহ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিষয় দ্রুত পর্যালোচনা ও কার্যকর ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সরকার একটি

উচ্চপর্যায়ের মন্ত্রিপরিষদ উপ-কমিটি গঠন করেছে। সোমবার মন্ত্রিপরিষদ বিভাগের কমিটি বিষয়ক অধিশাখা থেকে জারি করা প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। প্রজ্ঞাপন অনুযায়ী, জ্বালানি বিষয়ক মন্ত্রিপরিষদ উপ-কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মন্ত্রী। কমিটির অন্যান্য সদস্যদের মধ্যে রয়েছেন অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়ের মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়ের উপদেষ্টা, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান, অর্থ বিভাগের সচিব, বিদ্যুৎ বিভাগের সচিব এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব। প্রজ্ঞাপনে বলা হয়েছে, কমিটি প্রয়োজন অনুযায়ী সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা, বিশেষজ্ঞ এবং বেসরকারি খাতের প্রতিনিধিদের মতামত গ্রহণ করতে পারবে। প্রয়োজনে সদস্য কো-অপ্ট করারও ক্ষমতা থাকবে কমিটির। এছাড়া কমিটির সভা প্রয়োজন অনুসারে অনুষ্ঠিত হবে এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কমিটিকে সার্বিক সহায়তা প্রদান করবে। গঠিত এই কমিটি অবিলম্বে কার্যকর হবে বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:০২.০৬.২০২৬ আসাদ)

## রোহিঙ্গা জনগোষ্ঠীর দীর্ঘমেয়াদি উপস্থিতি বাংলাদেশের জন্য বড় চ্যালেঞ্জ

রোহিঙ্গা সংকট নিরসনে নরওয়ের সহযোগিতা চেয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, রোহিঙ্গাদের এই বিশাল জনগোষ্ঠীর দীর্ঘমেয়াদি উপস্থিতি বাংলাদেশের নিরাপত্তা ও অর্থনীতির জন্য বড় চ্যালেঞ্জ। রোহিঙ্গা নাগরিকদের নিরাপদ, মর্যাদাপূর্ণ এবং টেকসই উপায়ে নিজ দেশ মিয়ানমারে প্রত্যাবাসন নিশ্চিত করতে নরওয়ে এবং আন্তর্জাতিক সম্প্রদায়কে আরও জোরালো ভূমিকা রাখার অনুরোধ জানান তিনি। মঙ্গলবার  সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে তার অফিসকক্ষে বাংলাদেশে নিযুক্ত নরওয়ের রাষ্ট্রদূত হাকোন আরাল্ড গুলব্র্যান্ডসেন সৌজন্য সাক্ষাতে গেলে তিনি এ কথা বলেন। অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত এই বৈঠকে উভয় দেশের পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়, দ্বিপাক্ষিক বাণিজ্য, নবায়নযোগ্য জ্বালানি-সহ বিভিন্ন খাতে বিনিয়োগ সহযোগিতা, জলবায়ু পরিবর্তন মোকাবিলা এবং রোহিঙ্গা সংকট নিয়ে ফলপ্রসূ আলোচনা অনুষ্ঠিত হয়। বৈঠকের শুরুতে মন্ত্রী ১৯৭২ সালে স্বাধীন রাষ্ট্র হিসেবে বাংলাদেশকে নরওয়ের প্রারম্ভিক স্বীকৃতি এবং বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে ধারাবাহিক সমর্থনের জন্য গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:০২.০৬.২০২৬ আসাদ)

## কমল এলপি গ্যাসের দাম, সন্ধ্যা থেকে কার্যকর

ভোক্তা পর্যায়ে কিছুটা স্বস্তি দিয়ে দেশের বাজারে কমানো হয়েছে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস এলপিজি দাম। চলতি জুন মাসের জন্য প্রতি ১২ কেজি এলপিজি সিলিন্ডারের দাম ৫৫ টাকা কমিয়ে ১ হাজার ৮৮৫ টাকা নির্ধারণ করেছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন বিইআরসি। আজ মঙ্গলবার ২ জুন বিকেলে বিইআরসির দেওয়া নতুন এই সিদ্ধান্ত আজ সন্ধ্যা ৬টা থেকেই কার্যকর হবে। বিইআরসির বিজ্ঞপ্তি অনুযায়ী, মে মাসে ১২ কেজি এলপিজি সিলিন্ডারের দাম ১ হাজার ৯৪০ টাকায় অপরিবর্তিত রাখা হয়েছিল, যা এখন ৫৫ টাকা কমে ১ হাজার ৮৮৫ টাকা হলো। এর আগে এপ্রিল মাসে দুই দফায় এলপিজির দাম বড় অঙ্কে বাড়ানো হয়েছিল। প্রথমে ২ এপ্রিল ১২ কেজির সিলিন্ডারের দাম ৩৮৭ টাকা বাড়িয়ে ১ হাজার ৭২৮ টাকা এবং পরবর্তীতে ১৯ এপ্রিল আরও ২১২ টাকা বাড়িয়ে ১ হাজার ৯৪০ টাকা নির্ধারণ করা হয়েছিল। সেই তুলনায় জুনের এই দাম কিছুটা স্বস্তি দেবে গ্রাহকদের। এলপিজির পাশাপাশি স্বস্তি এসেছে গাড়িচালকদের জন্যও। জুন মাসের জন্য ভোক্তা পর্যায়ে প্রতি লিটার অটোগ্যাসের দাম ২ টাকা ৫৯ পয়সা কমানো হয়েছে। ফলে মূসকসহ অটোগ্যাসের নতুন দাম দাঁড়িয়েছে প্রতি লিটার ৮৬ টাকা ৯৩ পয়সা।
(রেডিও টুডে ওয়েব পেজ:০২.০৬.২০২৬ আসাদ)

## এলডিসি থেকে বাংলাদেশের উত্তরণ ৩ বছর পেছানোর সুপারিশ জাতিসংঘ কমিটির

জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি সিডিপি বাংলাদেশের স্বল্পোন্নত দেশ এলডিসি থেকে উত্তরণের প্রস্তুতিকাল ২০২৯ সালের ২৪ নভেম্বর পর্যন্ত বৃদ্ধি করার অনুরোধ ইতিবাচকভাবে বিবেচনার সুপারিশ করেছে। সিডিপির চেয়ারম্যান অধ্যাপক হোসে আন্তোনিও ওকাম্পো বাংলাদেশ সরকারকে এ বিষয়ে অবহিত করে জানিয়েছেন, কমিটির মূল্যায়ন অনুযায়ী জাতিসংঘ সাধারণ পরিষদ কর্তৃক বাংলাদেশের এলডিসি উত্তরণের প্রস্তুতিকাল বৃদ্ধি করা যথাযথ হবে। তবে সিডিপি বলেছে, বর্ধিত প্রস্তুতিকালকে কার্যকরভাবে কাজে লাগাতে বাংলাদেশকে বিদ্যমান কাঠামোগত দুর্বলতা দূর করতে গুরুত্বপূর্ণ অভ্যন্তরীণ সংস্কার কার্যক্রমে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করতে হবে। কমিটির মতে, প্রস্তুতিকাল বৃদ্ধি কোনোভাবেই সংস্কার বিলম্বিত করার সুযোগ নয়; বরং এটি সংস্কার কার্যক্রম আরও দ্রুত বাস্তবায়নের অনুঘটক হিসেবে কাজ করা উচিত। উল্লেখ্য, বাংলাদেশ সরকার এ বছরের ১৮ ফেব্রুয়ারিতে জাতিসংঘের সিডিপির কাছে এলডিসি উত্তরণের প্রস্তুতিকাল তিন বছর বৃদ্ধি করে ২৪ নভেম্বর ২০২৯ পর্যন্ত সম্প্রসারণের আনুষ্ঠানিক অনুরোধ জানায়। পরবর্তীতে প্রধানমন্ত্রী ৬ এপ্রিল জাতিসংঘ মহাসচিবের কাছে প্রেরিত এক পত্রে এ বিষয়ে তার ব্যক্তিগত সহযোগিতা কামনা করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:০২.০৬.২০২৬ আসাদ)

## জ্বালানির দাম বাড়িয়ে জনগণের ওপর জুলুম করা হয়েছে: জামায়াত আমির

জ্বালানির মূল্যবৃদ্ধিকে সাধারণ মানুষের ওপর অতিরিক্ত চাপ সৃষ্টি করার পদক্ষেপ হিসেবে আখ্যায়িত করেছেন জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। মঙ্গলবার  সকালে সিলেটে চাচার নির্যাতনে নিহত চার বছর বয়সী শিশু ফাহিমার পরিবারের সদস্যদের সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। দেশের সার্বিক পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করে জামায়াত আমির বলেন, দেশের বর্তমান অবস্থা জনগণের প্রত্যাশার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। তার মতে, জনগণ যে ধরনের পরিবর্তন ও সুশাসন প্রত্যাশা করেছিল, বাস্তবে তা প্রতিফলিত হচ্ছে না। শফিকুর রহমান বলেন, 'জ্বালানির দাম বৃদ্ধি মানে জনগণের ওপর নতুন করে করের বোঝা চাপিয়ে দেওয়া। জ্বালানির মূল্য বাড়িয়ে সাধারণ মানুষের ওপর জুলুম করা হয়েছে।' এ সময় শিশু ফাহিমা হত্যাকাণ্ডের ঘটনায় গভীর শোক প্রকাশ করে তিনি দায়ীদের দ্রুত আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান। পাশাপাশি শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা ও সহমর্মিতা প্রকাশ করেন।

(রেডিও টুডে ওয়েব পেজ:০২.০৬.২০২৬ আসাদ)

## নিয়ন্ত্রণমুক্ত অর্থনীতি গড়তে চায় সরকার: অর্থমন্ত্রী

অর্থনীতিকে অতিরিক্ত নিয়ন্ত্রণ থেকে মুক্ত করাই সরকারের মূল উদ্দেশ্য বলে জানিয়েছেন অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেন, নিয়ন্ত্রণমূলক অর্থনৈতিক কার্যক্রম থেকে বেরিয়ে এসে একটি নিয়ন্ত্রণমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্য নিয়ে সরকার কাজ করছে। মঙ্গলবার  ইকোনমিক রিপোর্টার্স ফোরাম আয়োজিত 'বাজেট ২০২৬-২৭: প্রত্যাশা ও বাস্তবতা' শীর্ষক আলোচনায় তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, অর্থনীতি নিয়ন্ত্রণমুক্ত করা হবে। সে সঙ্গে এর বিকাশে কাজ করা হবে। এটা কেউ বাধাগ্রস্ত করতে চাইলে তাকে ছাড় দেয়া হবে না। দেশের গ্রামের অনেক মানুষ ও নারী কাজ করলেও বাজেটে তাদের যথাযথভাবে অন্তর্ভুক্ত করা হয় না বলেও জানান মন্ত্রী। তিনি বলেন, ফলে তারা ন্যূনতম জীবিকায়ও পিছিয়ে পড়ছে। এ কারণে সরকার প্রাইভেট সেক্টর ও এনজিওর মাধ্যমে তাদের জীবনমান উন্নয়নে কাজ করবে।তিনি আরও বলেন, জিডিপি শুধু শিল্প কারখানা থেকে আসে; এ ধারণা সঠিক নয়। ক্রিয়েটিভ সেক্টরকেও অর্থনীতির গুরুত্বপূর্ণ অংশ হিসেবে বিবেচনা করা হচ্ছে।  অর্থমন্ত্রী বলেন, দেশের নিম্ন আয়ের মানুষ সবসময়ই বাজেটে বঞ্চিত হয়েছে। বর্তমানে বিনিয়োগ কমে যাওয়া এবং বেসরকারি খাতে ঋণের প্রবাহ হ্রাস পাওয়ায় দারিদ্র্য আরও বাড়ছে। এ পরিস্থিতি মোকাবিলায় ফ্যামিলি কার্ড কর্মসূচিকে গুরুত্ব দেওয়া হচ্ছে।

(রেডিও টুডে ওয়েব পেজ:০২.০৬.২০২৬ আসাদ)

## মাদরাসা শিক্ষকদের বদলি নীতিমালা প্রকাশ, আবেদন করতে পারবেন যারা

বেসরকারি এমপিওভুক্ত মাদরাসা শিক্ষকদের জন্য বহুল প্রতীক্ষিত বদলি নীতিমালা প্রকাশ করেছে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ। আজ মঙ্গলবার  বিভাগের ওয়েবসাইটে আনুষ্ঠানিকভাবে এই নীতিমালা প্রকাশ করা হয়। এর মাধ্যমে মাদরাসা শিক্ষকদের দীর্ঘদিনের একটি বড় দাবি পূরণ হলো। নতুন নীতিমালা অনুযায়ী, মাদরাসা শিক্ষা অধিদপ্তর প্রথমে প্রতিষ্ঠানভিত্তিক শূন্যপদের তালিকা ও বিস্তারিত বিবরণ একটি নির্দিষ্ট সময়ে অনলাইনে প্রকাশ করবে। এরপর সেই শূন্যপদের ওপর ভিত্তি করে আগ্রহী শিক্ষকদের কাছ থেকে বদলির আবেদন আহ্বান করা হবে। সরকারের প্রজ্ঞাপনে নির্ধারিত সময়ের মধ্যেই আবেদন গ্রহণ, বদলির আদেশ জারি এবং নতুন কর্মস্থলে যোগদানের প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

**কারা আবেদন করতে পারবেন**

নীতিমালায় বলা হয়েছে, শিক্ষকেরা কেবল সমমান বা সমস্তরের মাদরাসায় এবং সমপদে বদলির জন্য আবেদন করতে পারবেন। তবে এই সুযোগ পেতে হলে প্রথম যোগদানের পর সংশ্লিষ্ট শিক্ষকের চাকরির বয়স ন্যূনতম দুই বছর পূর্ণ হতে হবে। আবেদনকারী শিক্ষক বা শিক্ষিকারা তাঁদের চাকুরির আবেদনে উল্লেখিত নিজ জেলা ছাড়াও পারিবারিক সুবিধাজনক যেকোনো জেলায় বদলির জন্য আবেদন করার সুযোগ পাবেন।

(রেডিও টুডে ওয়েব পেজ:০২.০৬.২০২৬ আসাদ)

## কোটা সংস্কারের কথা প্রধানমন্ত্রী বলেছিলেন ২০১৪ সালেই: প্রেস সচিব

২০১৪ সালেই সরকারি চাকরিতে কোটা সংস্কারের প্রয়োজনীয়তার কথা প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছিলেন বলে দাবি করেছেন প্রধানমন্ত্রীর প্রেস সচিব সালেহ শিবলী। শনিবার লন্ডনে একটি গণমাধ্যমকে তিনি এ কথা জানান। এসময় ২০১৮ সালে কোটা সংস্কার আন্দোলন শুরু হলেও তারেক রহমান এর পাঁচ বছর আগেই এ বিষয়ে প্রকাশ্যে মত দিয়েছিলেন বলে উল্লেখ করেন সালেহ শিবলী। প্রধানমন্ত্রীর প্রেস সচিব বলেন, ২০১৪ সালের ১৫ জুলাই লন্ডনের টাওয়ার হিলে এক অনুষ্ঠানে তারেক রহমান বলেছিলেন, বিএনপি ক্ষমতায় এলে বিদ্যমান কোটাব্যবস্থা সংস্কার করে ৫ শতাংশে নামিয়ে আনা হবে। সরকারি চাকরিতে মেধার মূল্যায়ন নিশ্চিত করার লক্ষ্যে তিনি তখনই এ অবস্থান নিয়েছিলেন। দাবির সমর্থনে একটি ভিডিও দেখান সালেহ শিবলী। ভিডিওতে প্রধানমন্ত্রীকে বলতে শোনা যায়, 'সরকারি চাকরিতে যে কোটা আছে, এখন বোধ হয় দেশে প্রায় ৫০ ভাগের মতো কোটা আছে। আমি মনে করি, এই কোটাটা ৫০ থেকে কমিয়ে মেধাবীদের জায়গা দেওয়ার জন্য ৫ শতাংশের মধ্যে নিয়ে আসা উচিত।' ২০২৪ সালের

কোটা সংস্কার আন্দোলন দেশের রাজনৈতিক পরিস্থিতিতে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলেছিল জানিয়ে প্রধানমন্ত্রীর প্রেস সচিব বলেন, সেই আন্দোলনের ধারাবাহিকতায় পরবর্তীকালে রাজনৈতিক পরিবর্তনের পথ তৈরি হয়।
(রেডিও টুডে ওয়েব পেজ:০২.০৬.২০২৬ আসাদ)

## ব্যাটারিচালিত রিকশা মহানগরের বাইরে নেওয়ার চিন্তা চলছে: স্বরাষ্ট্রমন্ত্রী

ব্যাটারিচালিত রিকশা মহানগর এলাকার বাইরে নেওয়ার চিন্তাভাবনা চলছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। মঙ্গলবার সচিবালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে স্বরাষ্ট্রমন্ত্রী এমন মন্তব্য করেন। সালাহউদ্দিন আহমদ বলেন, ব্যাটারিচালিত রিকশা মহানগর এলাকার বাইরে পাঠানোর চিন্তাভাবনা চলছে। এতে নতুন করে কেউ বেকার হবে না, বরং ট্রাফিক ব্যবস্থারও উন্নতি হবে। সরকার কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি ব্যবহার করে ঢাকার যানজট নিয়ন্ত্রণের চেষ্টা করছে, একই সময়ে ঢাকায় লাখ লাখ অটোরিকশা চললে যানজট নিয়ন্ত্রণ সম্ভব হবে কি না—সংবাদ সম্মেলনে এমন প্রশ্ন করেন সাংবাদিকেরা। জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, দেশে রাতারাতি হাজার হাজার অটোরিকশা রাস্তায় নেমে গেছে। বেকারত্ব এবং মানবিক দিক বিবেচনা করে তাদের রাতারাতি উচ্ছেদ করা কঠিন। অন্তর্বর্তী সরকারের সময়েও অটোরিকশা নিয়ন্ত্রণের চেষ্টা করা হয়েছিল। সালাহউদ্দিন আহমদ বলেন, যেহেতু হাজার হাজার মানুষ, বেকার সমস্যা বেশি; তাই অটোরিকশাচালকদের পুনর্বাসন না করে রাতারাতি বেকার করে দিলে সমস্যা সৃষ্টি হবে। সে জন্য সরকার চেষ্টা করছে তাদের মহানগর এলাকার বাইরে অন্যভাবে পুনর্বাসন করতে; যাতে বেকারত্ব তৈরি না হয়, ট্রাফিকেরও কোনো সমস্যা না হয়। (রেডিও টুডে ওয়েব পেজ:০২.০৬.২০২৬ আসাদ)

## কাঠমান্ডুতে ১৫ বাংলাদেশি গ্রেপ্তার

অনলাইন প্রতারণা চক্র পরিচালনার অভিযোগে নেপালের রাজধানী কাঠমান্ডুতে বাংলাদেশি ও ভারতীয় নাগরিকসহ ১৯ জন বিদেশিকে গ্রেপ্তার করেছে পুলিশ। গত শুক্রবার কাঠমান্ডুর প্রধান পর্যটন এলাকা থামেল থেকে তাদের আটক করা হয়। গ্রেপ্তারদের মধ্যে ১৫ জন বাংলাদেশি এবং ৪ জন ভারতীয় নাগরিক রয়েছেন। নেপাল পুলিশের কাঠমান্ডু ভ্যালি ক্রাইম ইনভেস্টিগেশন অফিসের তথ্য অনুযায়ী, প্রাথমিক তদন্তে জানা গেছে, তারা একজন চীনা নাগরিক পরিচালিত একটি স্ক্যাম সেন্টারে কাজ করছিলেন। তবে ওই চীনা নাগরিক বর্তমানে পলাতক রয়েছে বলে জানিয়েছে পুলিশ। ক্রাইম ইনভেস্টিগেশন অফিসের মুখপাত্র ও পুলিশ সুপার রামেশ্বর কার্কি বলেন, পলাতক চীনা নাগরিককে খুঁজে বের করতে অভিযান চলছে। গ্রেপ্তার ব্যক্তিদের জিজ্ঞাসাবাদে জানা গেছে, তারা মূলত কম্বোডিয়ায় কাজ করার সময় পরিচিত এক চীনা অপারেটরের মাধ্যমে নেপালে আনা হয়েছিল। পুলিশের দাবি অনুযায়ী, এই চক্রটি সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার করে নারীদের আপত্তিকর ছবি পাঠিয়ে ভুক্তভোগীদের ব্ল্যাকমেইল করত এবং অর্থ আদায় করত। প্রাথমিক তদন্তে আরও জানা গেছে, চক্রটির লক্ষ্য ছিল প্রধানত বাংলাদেশি ও ভারতীয় নাগরিকরা। গ্রেপ্তার ১৯ জনকে পরবর্তী আইনি প্রক্রিয়ার জন্য নেপালের ইমিগ্রেশন বিভাগের কাছে হস্তান্তর করা হয়েছে। তাদের বাংলাদেশে ফেরত পাঠানোর সম্ভাবনাও রয়েছে বলে জানিয়েছে কর্তৃপক্ষ। (রেডিও টুডে ওয়েব পেজ:০২.০৬.২০২৬ আসাদ)

## আদালতে এসে ন্যায় বিচার চাইলেন রামিসার বাবা

রাজধানীর পল্লবীতে শিশু রামিসা আক্তারকে ধর্ষণের পর হত্যার ঘটনায় প্রধান অভিযুক্ত সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না খাতুনের সর্বোচ্চ শাস্তি ও ন্যায়বিচার দাবি করেছেন মামলার বাদী ও ভিকটিমের বাবা আব্দুল হান্নান মোল্লা। মঙ্গলবার সকাল ৯টার দিকে ঢাকার মহানগর শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনালের বিচারক মাসরুর সালেকীনের আদালতে মামলার প্রথম দিনের সাক্ষ্যগ্রহণ শুরুর আগে তিনি এ দাবি জানান। এদিন আদালতে মামলার বিভিন্ন গুরুত্বপূর্ণ সাক্ষীরা সাক্ষ্য দিবেন। এসব সাক্ষীর মধ্যে রয়েছে ম্যাজিস্ট্রেট, চিকিৎসক, আলামত সংগ্রহকারী কর্মকর্তা এবং স্থানীয় প্রতিবেশীরা। (রেডিও টুডে ওয়েব পেজ:০২.০৬.২০২৬ আসাদ)

## রামিসা ধর্ষণও হত্যা মামলায় প্রথম দিনেই ১৬ সাক্ষীর সাক্ষ্য গ্রহণ শেষ

রাজধানীর পল্লবীতে আট বছরের শিশু ধর্ষণের পর হত্যা মামলায় সাক্ষ্যগ্রহণের প্রথম দিনে ১৮ সাক্ষীর মধ্যে ১৬ জন সাক্ষ্য দিয়েছেন। এর মধ্য দিয়ে এই মামলার সাক্ষ্যগ্রহণ শেষ হয়েছে। আজ মঙ্গলবার ঢাকার শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনালের বিচারক মাসরুর সালেকীন তাদের সাক্ষ্য গ্রহণ করেন। সাক্ষ্যগ্রহণ শেষে আসামিদের আত্মপক্ষ সমর্থনের জন্য আগামীকাল বুধবার দিন ধার্য করেন আদালত। রাষ্ট্র পক্ষের পাবলিক প্রসিকিউটর পিপি আজিজুর রহমান দুলু সাংবাদিকদের বিষয়টি নিশ্চিত করেছেন। সাক্ষীরা হলেন- শিশুর বাবা ও মামলার বাদী আব্দুল হান্নান মোল্লা, মা পারভীন আক্তার, বড় বোন রাইসা আক্তার, ফুপু মাহমুদা আক্তার, চাচা মিজানুর রহমান লিটন, চতুর্থ তলার বাসিন্দা মনির হোসেন, প্রতিবেশী জাকিরুল ইসলাম রাজু, দ্বিতীয় তলার বাসিন্দা শেখ আবু সামা, ফুপা মনিরুজ্জামান শাহীন, কনস্টেবল রোমা আক্তার, কনস্টেবল শরীফ মিয়া, এসআই ইকবাল হোসেন, চিকিৎসক নাসাদ জাবিন, মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমিনুল ইসলাম জুনাইদ, এসআই রাশেদুল ইসলাম ও তদন্তকারী কর্মকর্তা এসআই অহিদুজ্জামান।
(রেডিও টুডে ওয়েব পেজ:০২.০৬.২০২৬ আসাদ)

# BBC

**UKRAINE RESCUERS PULL DEAD FROM RUBBLE AFTER RUSSIAN STRIKES KILL 18**

A Russian missile and drone attack killed at least 18 people across Ukraine overnight, including two children, marking one of Moscow's largest assaults in recent months. An eight-year-old boy and a woman pulled from the rubble of an apartment block were among 12 people killed in Dniprp, regional officials said. In the capital Kyiv, six people were killed. President Volodymyr Zelensky said civilian infrastructure and energy facilities had been targeted across the country, with more than 100 people injured. Russia's defence ministry said the strikes had been a response to previous Ukrainian attacks, saying in a statement that the "strike objectives" had all been achieved. (BBC News Web Page: 02/06/26, FARUK)

**CLASHES CONTINUE IN LEBANON**

Clashes have continued in southern Lebanon despite Israel and Hezbollah accepting a US plan for a partial ceasefire. President Donald Trump said on Monday that he had spoken to both sides and "they agreed that all shooting will stop", after Iran warned Israeli military actions in Lebanon were a threat to the US-Iran ceasefire. Lebanon said Hezbollah had accepted the plan for it to halt attacks on Israel and for Israel not to attack the Lebanese capital Beirut. Israeli Prime Minister Benjamin Netanyahu confirmed the agreement. But he said strikes on Beirut would go ahead "if Hezbollah does not stop attacking our cities and civilians", and that Israeli forces would still operate in south Lebanon.
(BBC News Web Page: 02/06/26, FARUK)

**TWO PEOPLE SHOT DEAD AMID KENYA PROTESTS AGAINST US EBOLA PLAN**

Two people have been shot dead in the central Kenyan town of Nanyuki amid protests against US plans to establish an Ebola isolation centre at a military base nearby, the BBC has learnt. One of the victims was shot in an area close to the Laikipia Airbase where a demonstration was taking place. He died after being brought to the town's hospital by friends. The other victim was already dead when he was taken to the hospital by soldiers. The circumstances of their deaths are not clear, and officials have not commented on the matter. A police spokeswoman told the Reuters news agency he was not aware of any deaths. On Monday, hundreds of demonstrators marched through the town's streets, blocking roads and burning tyres, with police firing tear gas to disperse them.
(BBC News Web Page: 02/06/26, FARUK)

**DENMARK'S METTE FREDERIKSEN TO FORM GOVERNMENT**

Months since Denmark's general election, acting prime minister Mette Frederiksen, the leader of the Social Democratic Party, will form a centre-left coalition minority government. Twelve parties won seats in March's inconclusive election. The Social Democrats won the most votes but saw their weakest performance since 1903. Speaking to reporters after meeting King Frederick X, Frederiksen said the deal was reached following long and fraught negotiations, adding that she would present the new cabinet on Wednesday. The deal gives her a third term as prime minister at a time when US President Donald Trump has said he wants to take over Greenland, a semi-autonomous part of Denmark. With 21.9% of the vote, Frederiksen's party won just 38 seats in the March election - losing 12 and falling well short of the 90 needed to form a majority. (BBC News Web Page: 02/06/26, FARUK)

**GHANA'S ANTI-LGBTQ+ BILL TO BE SCRUTINIZED BEFORE APPROVAL**

Ghana's new bill criminalizing LGBTQ+ activities will undergo scrutiny before it is officially approved, the president has said. Speaking during a visit to the UK, John Mahama said his legal council and attorney general would "sit on it because it was a private members' motion... and not a government bill". The bill - passed by parliament on Friday - proposes up to three years imprisonment for identifying as lesbian, gay, bisexual, transgender or queer, and a "duty to report" prohibited acts to police. Since coming into power last year,Mahama has been pressured by religious leaders to strengthen anti-gay measures, which ban same-sex relationships under laws dating from the British colonial era.
(BBC News Web Page: 02/06/26, FARUK)

**MYANMAR PRESIDENT'S INDIA VISIT IS BEING CLOSELY WATCHED**

Myanmar President Min Aung Hlaing, who is in India on a five-day visit, has held talks with Prime Minister Narendra Modi, focusing on areas including trade, connectivity, border security and defence. This is his first visit abroad since becoming president earlier this year,

and it is being closely watched as a sign of how regional powers intend to engage with Myanmar's military-backed leadership following a widely criticized election and five years of civil war triggered by a coup in 2021. Myanmar and India share a 1,643km border and developments on one side often have consequences for the other, particularly in India's north-eastern region where security, migration and cross-border trade is closely intertwined with events in the neighbouring country. In February 2021, Min Aung Hlaing, then the armed forces commander-in-chief, seized power by ousting the elected government of Aung San Suu Kyi, shortly after her National League for Democracy won a landslide election victory.
(BBC News Web Page: 02/06/26, FARUK)

**MOZAMBIQUE SAYS 5 CITIZENS KILLED IN 'XENOPHOBIC ATTACKS' IN S. AFRICA**

At least five Mozambican nationals have been killed in "xenophobic attacks" in South Africa over the weekend, the Mozambican government said, marking the first deaths officially linked to country-wide protests against undocumented immigration. About 800 Mozambicans got caught up in violence that broke out in the southern coastal city of Mossel Bay on Friday, the government press office said in a statement received on Tuesday. "Regrettable, seven Mozambican citizens have died, five of them as a direct consequence of the xenophobic attacks and the other two as a result of a road accident, when they were travelling in a private vehicle on their way back to Mozambique," the statement said. The violence prompted 300 Mozambicans to return home on Saturday, said the statement.
(BBC News Web Page: 02/06/26, FARUK)

**SENEGAL PRESIDENT NAMES GOVERNMENT, BOYCOTTED ALLY-TURNED-RIVAL**

Senegal's President Bassirou Diomaye Faye has announced a new government featuring several members and allies of a party led by sacked prime minister and estranged ally Ousmane Sonko, who has pledged his group would not join it. Faye's announcement came on Monday during a live television broadcast, less than two weeks after he fired Sonko, his former mentor, and dismissed the cabinet following disagreements, including over the troubled economy. A popular figure, Sonko was promptly elected speaker of parliament by allies in a vote boycotted by the opposition, deepening the political crisis in the West African country. Sonko said in a post on X that he met on Monday with Faye and that "points of disagreement" emerged on the future role of the Pastef party.
(BBC News Web Page: 02/06/26, FARUK)

## ::THE END::